ত্রিত্বের পর দ্বাবিংশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে নিবেদন করি, তোমার পরিবার যে সভা তাহাকে নিয়ত ধার্ম্মিকতাতে রাখ যেন তাহা তোমার আশ্রয়ে সকল বিপদ হইতে মুক্ত হইয়া তোমার নামের মহিমার্থ তোমাকে সৎক্রিয়াতে সেবা করিতে ভক্তি পূর্ব্বক রত হয়, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা.. আমেন্.

লিপি. ফিলিপীয়দের প্রতি. ১. ৩.

সুসমাচার. মথায়. ১৮. ২১.

ত্রিত্বের পর ত্রয়োবিংশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর আমাদের আশ্রয় ও বল, তুমি সকল ধার্ম্মিকতার কর্ত্তা তোমাকে আমরা নিবেদন করি তোমার সভার ভক্তিমৎ প্রার্থনা শ্রবণ করিতে প্রস্তুত হও এবং প্রদান কর যে যাহা আমরা বিশ্বাসপূর্ব্বক যাচ্ঞা করি, তাহা সিদ্ধিপূর্ব্বক প্রাপ্ত হই ; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ফিলিপীয়দের প্রতি. ৩. ১৭.

সুসমাচার. মথায়. ২২. ১৫.

ত্রিত্বের পর চতুর্বিংশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে নিবেদন করি, তুমি আপন লোকদিগকে তাহাদের অপরাধ হইতে মোচন কর, তাহাতে আমরা সকল নিজ দুর্ব্বলতাপ্রযুক্ত যে পাপ করিয়াছি তাহার বন্ধন হইতে তোমার পরম দয়াতে যেন মুক্ত হই; হে স্বর্গীয় পিতঃ আমাদের ধন্য প্রভু ও ত্রাণকর্ত্তা য়ীশু খ্রীষ্টের নিমিত্তে ইহা প্রদান কর. আমেন্.

লিপি. কলসীদের প্রতি. ১. ৩.

সুসমাচার. মথায়. ৯. ১৮.

ত্রিত্বের পর পঞ্চবিংশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে নিবেদন করি, তোমার বিশ্বাসি লোকদের মন সচেতন কর, যেন তাহারা সৎক্রিয়ার ফল বাহুল্যরূপে উৎপন্ন করিয়া, তোমা হইতে বাহুল্যরূপে প্রতি ফল প্রাপ্ত হয়; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে. য়িরিমীয়াহ. ২৩. ৫.

সুসমাচার. যোহন. ৬. ৫.

¶ আগমন রবিবারের পূর্ব্বে যদি আর কোন রবিবার থাকে, তবে এপিফনির পর যেং রবিবার লুপ্ত হইয়াছিল তাহাদের হইতে তত দিনের সেবা লওয়া যাইবে যত এক্ষণে অকুলান হইবে, এবং যদি পঞ্চবিংশতি রবিবারের ন্যূন হয় তবে উদ্বর্ত্ত লুপ্ত হইবে; কিন্তু এই শেষ সাধারণ প্রার্থনা ও লিপি, ও সুসমাচার, আগমনের পূর্ব্ব রবিবারে সর্ব্বদা পঠিত হইবে.

সাধু আন্দ্রিয়ের দিন.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন পুণ্য প্রেরিত সাধু আন্দ্রিয়কে এমন প্রসাদ প্রদান করিলা, যে তিনি তোমার পুত্র য়ীশু খ্রীষ্টের আহ্বান ত্বরায় মানিলেন ও অবিলম্বে তাঁহার পশ্চাদ্গামী হইলেন; অতএব আমা সকলকে প্রদান কর আমরা তোমার পুণ্য বাক্যদ্বারা আহূত হইয়া বশ্যভাবে তোমার পুণ্য আজ্ঞা পালন করিতে তৎক্ষণাৎ যেন আপনাদিগকে সমর্পণ করি; আমাদের সেই প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. রোমীয়দের প্রতি. ১০. ৯.

সুসমাচার. মথায়. ৪. ১৮.

সাধু থোমা প্রেরিতের দিন.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যজীবি ঈশ্বর, তুমি বিশ্বাসের অধিক দ্রাঢ্য করণার্থে আপন পুণ্য প্রেরিত থোমাকে তোমার পুত্রের পুনরুত্থানে সন্দিগ্ধ হইতে দিয়াছিলা; আমাদিগকে তোমার পুত্র য়ীশু খ্রীষ্টে এমত সম্পূর্ণ ও নিঃসন্দেহরূপে প্রত্যয় করিতে দেও যেন আমাদের

বিশ্বাস তোমার সাক্ষাতে কখন অনুযোগ প্রাপ্ত না হয়, হে প্রভো সেই য়ীশু খ্রীষ্টের নিমিত্তে আমাদের প্রার্থনা শ্রবণ কর; যাঁহার ও তোমার ও সদাত্মার সমস্ত সম্মান ও গৌরব এখন ও সদা সর্ব্বক্ষণে হউক. আমেন্.

লিপি. ইফিসীয়দের প্রতি. ২. ১৯.

সুসমাচার. যোহন. ২০. ২৪.

সাধু পাউলের পরিবর্ত্তনের দিন.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, ধন্য প্রেরিত সাধু পাউলের প্রচারদ্বারা সুসমাচারের দীপ্তি তাবৎ পৃথিবীতে তুমি উজ্জ্বলিত করিয়াছ; অতএব প্রদান কর আমরা বিনতি করি যে আমরা তাঁহার অদ্ভুত পরিবর্ত্তন স্মরণ করত তৎকর্ত্তৃক শিক্ষিত পুণ্য উপদেশানুসার দ্বারা ঐ পরিবর্ত্তনের নিমিত্তে তোমার প্রতি আমাদের কৃতজ্ঞতা প্রকাশ করি; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে. প্রেরিতদের ক্রিয়া. ৯. ১.

সুসমাচার. মথায়. ১৯. ২৭.

মন্দিরে খ্রীষ্টের উপস্থাপন.

সামান্যতঃ কথিত,

সাধু মারিয়া কুমারীর শুদ্ধি.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যজীবি ঈশ্বর, আমরা তোমার মহিমার নিকটে নম্রতাপূর্ব্বক বিনতি করি, যেন যাদৃশ তোমার একমাত্রজাত পুত্র আমাদের মাংসভাবে এই দিবস মন্দিরে উপস্থাপিত হইয়াছিলেন, তাদৃশ আমরা ও তোমার প্রতি শুদ্ধ ও পরিষ্কৃত হৃদয়ে ঐ তোমার পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট কর্ত্তৃক উপস্থাপিত হই. আমেন্.

লিপিস্থলে. মলকীর ভবিষ্যদ্বাণী. ৩. ১.

সুসমাচার. লূক. ২. ২২.

সাধু মাথিয়ার দিন.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন সেবক মাথিয়াকে দ্বাদশ প্রেরিতদের মধ্যে গণিত হইবার নিমিত্তে বিশ্বাসঘাতক য়িহুদার পদে মনোনীত করিয়াছিলা; অতএব

প্রদান কর যে তোমার সভা মিথ্যা প্রেরিতগণ হইতে রক্ষিতা হইয়া সত্য ও বিশ্বস্ত পালকদ্বারা সুশাসিত ও উপদিষ্ট হয়; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে. প্রেরিতদিগের ক্রিয়া. ১. ১৫.

সুসমাচার. মথায়. ১১. ২৫.

ধন্য কুমারী মারিয়ার সম্বাদ.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে বিনতি করি, আমাদের হৃদয়ে আপন প্রসাদ ঢালিয়া দেও, যেন আমরা যেমন দূতের বার্ত্তা দ্বারা তোমার পুত্র যীশু খ্রীষ্টের দেহধারণ জ্ঞাত হইয়াছি, তেমনি তাঁহার ক্রূশ ও দুঃখভোগ দ্বারা তাঁহার পুনরুত্থানের গৌরবে উপনীতও হই; সেই আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে, য়িশাইয়ার ভবিষ্যদ্বাণী. ৭. ১০.

সুসমাচার. লক. ১. ২৬.

সাধু মার্কের দিন.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্‌ ঈশ্বর, তুমি আপন পুণ্য সভাকে তোমার সুসমাচারক সাধু মার্কের স্বর্গীয় উপদেশে শিক্ষা দিয়াছ; অতএব আমাদিগকে প্রসাদ প্রদান কর, যেন আমরা বৃথা উপদেশের প্রত্যেক বায়ুতে শিশুদের ন্যায় চালিত না হইয়া তোমার পুণ্য সুসমাচারের সত্যেতে স্থিরীকৃত হই; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের নিমিত্তে. আমেন্‌.

লিপি. ইফিসীয়দের প্রতি. ৪. ৭.

সুসমাচার. যোহন. ১৫. ১.

সাধু ফিলিপ্‌ ও সাধু যাকুবের দিন.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্‌ ঈশ্বর, তোমাকে সত্যরূপে জানা অনন্ত জীবন; অতএব তোমার পুত্র য়ীশু খ্রীষ্ট যে পথ, ও সত্যতা, ও জীবন, ইহা সম্পূর্ণরূপে জানিতে আমাদিগকে প্রদান কর, যেন আমরা তোমার পুণ্য প্রেরিত সাধু ফিলিপ্‌ ও সাধু যাকুবের পদচিহ্নানুবর্ত্তী হইয়া অনন্ত জীবনে লইয়া যাইবার পথে স্থিররূপে গমন করি, ঐ তোমার পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্‌.

লিপি. যাকুব. ১. ১.

সুসমাচার. যোহন ১৪. ১.

সাধু প্রেরিত বার্ণবা.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ প্রভু ঈশ্বর, তুমি আপন পুণ্য প্রেরিত বার্ণবাকে সদাত্মার বিশেষ দানে ভূষিত করিয়াছিলা; অতএব আমরা তোমাকে নিবেদন করি, আমাদিগকে তোমার নানাবিধ দানে বর্জ্জিত রাখিও না, বরং আমাদিগকে এমত প্রসাদ দেও, যে আমরা তোমার সম্মান ও মহিমার্থে তাহা সর্ব্বদা প্রয়োগ করি, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে. প্রেরিতদের ক্রিয়া. ১১. ২২.

সুসমাচার. যোহন. ১৫. ১২.

সাধু যোহন বাপ্তিস্মকের দিন.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তোমার বিধানে আপন সেবক যোহন বাপ্তিস্মক অদ্ভুতরূপে জন্মিয়াছিলেন এবং অনুতাপের প্রচারদ্বারা তোমার পুত্র আমাদের ত্রাণকর্ত্তার পথ প্রস্তুত করিতে প্রেরিত হইয়াছিলেন; অতএব আমাদিগকে তাহার উপদেশ ও পুণ্য আচরণের এমত অনুগামী কর, যে আমরা তাহার প্রচারানুসারে সত্যরূপে অনুতাপ

করি, এবং তাহার দৃষ্টান্তানুসারে দৃঢ়রূপে সত্য কহি, সাহসপূর্ব্বক দুষ্কৃতির অনুযোগ করি, এবং ধৈর্য্যপূর্ব্বক সত্যের নিমিত্তে সহ্য করি; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে. য়িশাইয়ার ভবিষ্যদ্বাণী. ৪০. ১.

সুসমাচার. লূক. ১. ৫৭.

সাধু পিতরের দিন.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন পুত্র য়ীশু খ্রীষ্ট দ্বারা তোমার প্রেরিত সাধু পিতরকে বহু উৎকৃষ্ট দান প্রদান করিয়াছিলা ও যত্নপূর্ব্বক. তোমার পালকে প্রতিপালন করিতে আজ্ঞা দিয়াছিলা; অতএব আমরা তোমাকে নিবেদন করি সমস্ত বিশপ ও পালকগণকে ব্যগ্রতারূপে তোমার পবিত্র বাক্য ঘোষণা করাও এবং লোকদিগকে বশ্যভাবে তদনুবর্ত্তী কর, যেন তাহারা অনন্ত গৌরবের মুকুট প্রাপ্ত হয়, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে. প্রেরিতদের ক্রিয়া. ১২: ১.

সুসমাচার. মথায়. ১৬. ১৩.

সাধু প্রেরিত যাকোব.

সাধারণ প্রার্থনা.

হে দয়াময় ঈশ্বর, প্রদান কর যে যাদৃশ তোমার সাধু প্রেরিত যাকোব আপন পিতা ও সর্ব্বস্ব ত্যাগ করিয়া অবিলম্বে তোমার পুত্র যীশু খ্রীষ্টের আহ্বানের বশ হইলেন ও তাঁহার অনুগমন করিলেন, তাদৃশ আমরাও যেন সাংসারিক ও শারীরিক অনুরাগ সকল ছাড়িয়া তোমার পুণ্য আজ্ঞার অনুগমন করিতে সর্ব্বদা প্রস্তুত হই; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে. প্রেরিতদিগের ক্রিয়া. ১১. ২৭. এবং ১২ অধ্যায়ের কিয়দংশ.

সুসমাচার. মথায়. ২০. ২০.

সাধু প্রেরিত বার্থলমি.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যস্থায়ি ঈশ্বর, তুমি আপন প্রেরিত বার্থলমিকে তোমার বাক্য সত্যরূপে বিশ্বাস ও প্রচার করিতে প্রসাদ প্রদান করিয়াছিলা; অতএব আমরা তোমাকে নিবেদন করি, তোমার সভাকে প্রদান কর যেন

তাঁহার বিশ্বাসিত বাক্যে প্রেম করে এবং তাহা প্রচার ও গ্রাহ্য করে; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে. প্রেরিতদিগের ক্রিয়া. ৫. ১২.

সুসমাচার. লূক. ২২. ২৪.

সাধু প্রেরিত মথায়.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি মথায়কে প্রেরিত ও সুসমাচারক হওনার্থে করগ্রহণ হইতে আপন ধন্যপুত্র দ্বারা আহ্বান করিয়াছ; অতএব আমাদিগকে প্রসাদ প্রদান কর যেন আমরা সমুদায় লুব্ধাভিলাষ ও অপরিমিত ধনপ্রেম পরিত্যাগ করি ও ঐ তোমার পুত্র য়ীশু খ্রীষ্টের পশ্চাদ্গামী হই, যিনি তোমার ও সদাত্মার সহিত এক ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ২ করিন্থীয়. ৪. ১.

সুসমাচার. মথায়. ৯. ৯.

সাধু মিখায়েল্ ও সকল দূত.

সাধারণ প্রার্থনা.

হে নিত্যস্থায়ি ঈশ্বর, তুমি দূত ও মনুষ্যগণের সেবা আশ্চর্য্য ক্রমে নিরূপিত ও স্থাপিত করিয়াছ; অতএব দয়াপূর্ব্বক প্রদান কর যে যাদৃশ তোমার পুণ্য দূতগণ স্বর্গেতে নিয়ত তোমার সেবা করে, তাদৃশ তোমার বিধান দ্বারা তাহারা যেন পৃথিবীতে আমাদের আনুকূল্য ও রক্ষা করে, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে. যোহনের প্রকাশ. ১২. ৭.

সুসমাচার. মথায়. ১৮. ১.

সাধু সুসমাচারক লূক.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, সুসমাচারে প্রশংসিত চিকিৎসক লূককে তুমি সুসমাচারক ও আত্মার চিকিৎসক হওনার্থে আহ্বান করিয়াছিলা; অতএব প্রসন্ন হইয়া প্রদান কর যেন তৎকর্ত্তৃক দত্ত উপদেশের স্বাস্থ্যকারক ঔষধদ্বারা আমাদের আত্মার রোগ সমূহের প্রতীকার হয়; তোমার পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের গুণের দ্বারা. আমেন্.

লিপি. ২. তিমথি. ৪. ৫.

সুসমাচার. লূক. ১০. ১.

প্রেরিত সাধু শিমোন ও সাধু য়িহুদা.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি প্রেরিত ও ভবিষ্যদ্বক্তৃগণের ভিত্তি মূলোপরি আপন সভা নির্ম্মাণ করিয়াছ, যাহার প্রধান কোণস্থ প্রস্তর স্বয়ং য়ীশু খ্রীষ্ট; অতএব প্রদান কর, যেন আমরা তাহাদের উপদেশ দ্বারা আত্মার ঐক্যেতে এমত সংযুক্ত হই, যে আমরা তোমার গ্রাহ্য এক পবিত্র মন্দির হই, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. য়িহুদা. ১. ১.

সুসমাচার. যোহন. ১৫. ১৭.

সকল সাধুর দিন.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন পুত্র আমাদের প্রভু খ্রীষ্টের নিগূঢ় শরীরে এক সম্মতি ও সহভাগিতায় তোমার মনোনীত গণকে সংযুক্ত করিয়াছ; অতএব আমাদিগকে প্রসাদ প্রদান কর, যেন আমরা সকল পুণ্য ও

ধর্ম্মাচরণে তোমার ধন্য সাধুগণের এমত পশ্চাদ্গামী হই, যে আমরা ঐ অনির্ব্বচনীয় আনন্দ প্রাপ্ত হই, যাহা তোমার অকপট প্রেম কারিদের জন্যে তুমি প্রস্তুত করিয়াছ; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপিস্থলে. যোহনের প্রকাশ. ৭. ২.

সুসমাচার. মথায়. ৫. ১.

প্রাভবিক ভোজন

অথবা

পুণ্য সহভাগ বিধানের অনুক্রম।

¶ যাহারা পুণ্য সহভাগের অংশী হইতে মনস্থ করে, তাহারা ন্যূনসংখ্যা পূর্ব্ব দিবসের কোন সময়ে রক্ষককে আপনাদের নাম জানাইবে.

¶ এবং যদি তাহাদের মধ্যে কেহ ব্যক্ত ও প্রসিদ্ধ মন্দাচারী হয়, অথবা বাক্য কিম্বা ক্রিয়া দ্বারা আপন প্রতিবাসির কোন অন্যায় করিয়া থাকে যাহাতে সভাস্থ লোক বিরক্ত হয়; ইহা রক্ষক জ্ঞাত হইলে, তাহাকে আহ্বান পূর্ব্বক জ্ঞাপন করিবেন যে যদবধি সে পূর্ব্ব বিরক্ত সভাস্থ লোককে সন্তুষ্ট করণার্থে আপনার সত্য অনুতাপ ও পূর্ব্বকালীন মন্দাচরণ শোধন প্রকাশ্যরূপে ব্যক্ত না করে, এবং যাহাদের অন্যায় করিয়াছে তাহাদের পরিশোধ না করে, কিম্বা স্বীকার হইলেই তাহা করণের সম্পূর্ণ মানস নিদান প্রকাশ না করে, তদবধি যেন প্রভুর মেজের নিকট আসিতে কোনমতে সাহস না করে.

¶ রক্ষক যাহাদের মধ্যে হিংসা ও দ্বেষের প্রাদুর্ভাব দেখিবেন, তাহাদেরও প্রতি উক্তমত ব্যবহার করিবেন; তাহাদের সংমিলন না জানিলে প্রভুর মেজের অংশী হইতে দিবেন না এবং এইরূপ বিবাদিগণের মধ্যে যদি এক জন সর্ব্বান্তঃকরণে অন্যের অপরাধ সকল ক্ষমা করিতে ও আপন দোষের

পরিশোধ করিতে সম্মত হয়, এস্থ অন্যজন যদি পুণ্য গ্রন্থে স্বীকৃত না হয় বরং আপন অবাধ্যতায় ও হিংসায় থাকে, তবে ধর্ম্মপরিচারকের উচিত যে অবাধ্যজনকে পুণ্য সহভাগে আসিতে না দিয়া অনুতাপিকে দেন; কিন্তু প্রত্যেক ধর্ম্মপরিচারক, এই বিধির বর্ত্তমান কিম্বা পূর্ব্বলিখিত প্রকরণানুসারে এই মতে কাহাকে নিবারণ করিলে ন্যূনসংখ্যা চতুর্দ্দশ দিনের মধ্যে সভার অধ্যক্ষের নিকট তদ্বিষয় জ্ঞাত করাইবে. এবং সভার অধ্যক্ষ অপরাধি ব্যক্তির প্রতি কানোনানুসারে বিহিত করিবেন.

¶ সহভাগের সময়ে পরিষ্কৃত শুক্ল বস্ত্রদ্বারা মেজ আচ্ছাদিত হইয়া সভার মধ্যস্থান কিম্বা পূর্ব্বদিক যেখানে প্রাতঃ ও স্বায়ংকালের প্রার্থনা পাঠ করিতে নির্দ্ধারিত আছে সেখানে স্থাপিত হইবে. এবং পুরোহিত মেজের উত্তর দিগে দণ্ডায়মান হইয়া প্রভুর প্রার্থনা ও তৎপশ্চাৎ সাধারণ প্রার্থনা পাঠ করিবেন. লোক সকলে হাঁটু পাতিয়া থাকিবে.

হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যেও হউক; আমাদের দিবসিক রুটী এই দিবসে আমদিগকে দেও; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি; তেমনি আমাদেরও অপরাধ সকল ক্ষমা কর; আর আমাদিগকে পরীক্ষায় আনিও না; কিন্তু মন্দ হইতে রক্ষা কর. আমেন্.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর, তোমার নিকটে সকল অন্তঃকরণ প্রকাশিত, সকল অভিলাষ জ্ঞাত এবং তোমার গোচরে কোন গুপ্তবিষয় লুক্কায়িত নাই; অতএব তোমার সদাত্মার আবির্ভাব দ্বারা আমাদের অন্তঃকরণের চিন্তা

সকল পরিষ্কার কর, যেন আমরা সম্পূর্ণরূপে তোমাকে প্রেম করি এবং উপযুক্তরূপে তোমার পুণ্য নামের স্তব করি, আমাদের প্রভু খ্রীষ্ট দ্বারা. .আমেন্.

¶ পরে পুরোহিত, লোকের প্রতি ফিরিয়া সমস্ত দশ আজ্ঞা স্পষ্টরূপে কহিবেন, এবং লোক সকল এখনও পাতিতজানু থাকিয়া প্রত্যেক আজ্ঞার পর তাহার পূর্ব্বকালীন লঙ্ঘন জন্য ক্ষমা ও তাহার উত্তরকালীন পালনার্থে প্রসাদ ঈশ্বরের স্থানে পশ্চাল্লিখিতানুসারে যাচ্ঞা করিবে.

ঈশ্বর এই সকল কথা কহত বলিলেন আমি পরমপ্রভু তোমার ঈশ্বর, আমাব্যতিরেকে তুমি অন্য কাহাকে ঈশ্বর জানিবা না.

লোক. হে প্রভো আমাদের প্রতি দয়া কর, এবং এই আজ্ঞা পালন করিতে আমাদের অন্তঃকরণ প্রবৃত্ত কর.

পুরোহিত. তুমি আপনার জন্য কোন খোদিত মূর্ত্তি কিম্বা উর্দ্ধে স্বর্গের মধ্যে বা নীচে পৃথিবীর মধ্যে বা পৃথিবীর নীচে জলের মধ্যে যত বস্তু আছে তাহাদের কাহারো প্রতিমা করিবা না; তুমি তাহাদিগকে প্রণাম কিম্বা ভজনা, করিবা না, যে হেতুক আমি পরমপ্রভু তোমার ঈশ্বর পরাসহিষ্ণু ঈশ্বর আছি আমার ঘৃণাকারিদের তৃতীয় চতুর্থ পুরুষ পর্য্যন্ত সন্তানদিগের উপর পিতার দোষের প্রতিফলদায়ী এবং আমার প্রেমকারী ও আজ্ঞাবহদের প্রতি সহস্র পুরুষ পর্য্যন্ত অনুগ্রহকারী আছি.

লোক. হে প্রভো আমাদের প্রতি দয়া কর, এবং এই আজ্ঞা পালন করিতে আমাদের অন্তঃকরণ প্রবৃত্ত কর.

পুরোহিত. তুমি আপন ঈশ্বর পরমপ্রভুর নাম নিরর্থক লইবা না কেননা তাঁহার নাম যে নিরর্থক লয় তাহকে পরমপ্রভু নিরপরাধী জ্ঞান করিবেন না.

লোক. হে প্রভো আমাদের প্রতি দয়া কর, এবং এই আজ্ঞা পালন করিতে আমাদের অন্তঃকরণ প্রবৃত্ত কর.

পুরোহিত. তুমি শাবথদিন পবিত্র করিতে স্মরণ কর, ছয় দিবস শ্রম করিয়া আপন কর্ম্ম সকল করিবা, কিন্তু সপ্তম দিবস তোমার ঈশ্বর পরমপ্রভুর শাবথ, তাহাতে তুমি কোন কর্ম্ম করিবা না, তুমি ও তোমার পুত্র ও তোমার কন্যা তোমার দাস ও তোমার দাসী তোমার পশু এবং তোমার দ্বারান্তর্গত প্রবাসী; কেননা ছয় দিবসে পরমপ্রভু স্বর্গ ও পৃথিবী ও সমুদ্র ও তন্মধ্যস্থিত সমস্ত সৃষ্টি করিলেন, এবং সপ্তম দিবসে বিশ্রাম করিলেন: এই জন্যে পরমপ্রভু সপ্তম দিবসকে আশীর্বাদ ও পবিত্র করিলেন.

লোক. হে প্রভো আমাদের প্রতি দয়া কর, এবং এই আজ্ঞা পালন করিতে আমাদের অন্তঃকরণ প্রবৃত্ত কর.

পুরোহিত. তুমি আপন পিতা ও মাতাকে সম্ভ্রম কর, যেন পরমপ্রভু তোমার ঈশ্বর যে ভূমি তোমাকে দেন তাহাতে তোমার আয়ুর বৃদ্ধি হয়.

লোক. হে প্রভো আমাদের প্রতি দয়া কর, এবং এই আজ্ঞা পালন করিতে আমাদের অন্তঃকরণ প্রবৃত্ত কর.

পুরোহিত. তুমি হত্যা করিবা না.

লোক. হে প্রভো আমাদের প্রতি দয়া কর, এবং এই আজ্ঞা পালন করিতে আমাদের অন্তঃকরণ প্রবৃত্ত কর.

পুরোহিত. তুমি ব্যভিচার করিবা না.

লোক. হে প্রভো আমাদের প্রতি দয়া কর, এবং এই আজ্ঞা পালন করিতে আমাদের অন্তঃকরণ প্রবৃত্ত কর.

পুরোহিত. তুমি চৌর্য্য করিবা না.

লোক. হে প্রভো আমাদের প্রতি দয়া কর, এবং এই আজ্ঞা পালন করিতে আমাদের অন্তঃকরণ প্রবৃত্ত কর.

পুরোহিত. তুমি প্রতিবাসির বিপক্ষে মিথ্যা সাক্ষ্য দিবা না.

লোক. হে প্রভো আমাদের প্রতি দয়া কর, এবং এই আজ্ঞা পালন করিতে আমাদের অন্তঃকরণ প্রবৃত্ত কর.

পুরোহিত. তুমি প্রতিবাসির গৃহ লোভ করিবা না, প্রতিবাসির স্ত্রী, কিম্বা তাহার দাস, বা দাসী, ও তাহার গরু, বা গর্দ্দভ, কিম্বা তাহার কোন বস্তু, লোভ করিবা না.

লোক. হে প্রভো আমাদের প্রতি দয়া কর, ও তোমার এই সকল আজ্ঞা আমাদের অন্তঃকরণে লিখ, ইহা আমরা তোমাকে নিবেদন করিতেছি.

¶ পরে রাণীর নিমিত্তে এই দুই সাধারণ প্রার্থনার একটি পাঠ করা যাইবে, কিন্তু পুরোহিত পূর্ব্বমত দণ্ডায়মান থাকিয়া প্রথমে কহিবেন,

আমরা প্রার্থনা করি.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তোমার রাজ্য নিত্যস্থায়ি এবং শক্তি অসীম, তুমি সমুদায় সভার প্রতি দয়া কর, এবং তোমার মনোনীত দাসী আমাদের রাণী ও শাসন কর্ত্রী বিক্তোরিয়ার অন্তঃকরণ এমত শাসন কর, যে তিনি কাঁহার সেবক হন ইহা জানিয়া সর্ব্বাপেক্ষা তোমার সম্ভ্রম ও মহিমা চেষ্টা করেন, এবং কাঁহা হইতে তিনি কর্ত্তৃত্ব প্রাপ্ত হইয়াছেন, ইহা আমরা ও তাহার সকল প্রজা যথা যোগ্য বিবেচনা করত তোমাতে ও তোমার জন্যে তোমার ধন্য বাক্য ও বিধ্যনুসারে বিশ্বাসপূর্ব্বক তাঁহার সেবা ও সম্ভ্রম ও আজ্ঞা পালন করি, আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা, যিনি তোমার ও সদাত্মার সহিত সর্ব্বদা এক ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

অথবা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যস্থায়ী ঈশ্বর, আমরা তোমার পুণ্য বাক্য দ্বারা শিক্ষিত হই, যে রাজাদের অন্তঃকরণ তোমার শাসন ও অধীনে আছে, এবং আপন ঈশ্বরীয় জ্ঞানে যেমত অতি উত্তম বোধ হয়, সেই মত তুমি তাহা প্রবৃত্ত করিতেছ ও ফিরাইতেছ. অতএব আমরা নম্রতা

পূর্ব্বক তোমাকে নিবেদন করি, তোমার দাসী আমাদের রাণী ও শাসন কর্ত্রী বিক্টোরিয়ার অন্তঃকরণ এমত প্রবৃত্ত ও শাসন কর, যে তিনি তাবৎ কায়মনোবাক্যেতে তোমার সম্ভ্রম ও মহিমা সতত চেষ্টা করেন, এবং তাঁহার পালনে সমর্পিত তোমার লোককে কুশল ও শান্তি ও ধার্ম্মিকতায় রক্ষাকরিতে যত্ন করেন, হে দয়াময় পিতঃ, ইহা আপন প্রিয় পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের নিমিত্তে প্রদান কর. আমেন্.

¶ পরে বর্ত্তমান দিবসের সাধারণ প্রার্থনা পাঠ করা যাইবে, এবং সাধারণ প্রার্থনার পরেই পুরোহিত ইহা কহিয়া লিপি পাঠ করিবেন, লিপি [কিম্বা লিপি স্থলে নিয়মিত ধর্ম্ম পুস্তকের খণ্ড]——অধ্যায়ে লিখিত ও——পদে আরব্ধ আছে; এবং লিপি সমাপ্ত হইলে তিনি কহিবেন, লিপি এই স্থানে সমাপ্ত. পরে লোক সমস্ত দণ্ডায়মান হইলে তিনি ইহা কহিয়া সুসমাচার পাঠ করিবেন, পুণ্য সুসমাচার————অধ্যায়ে লিখিত, ও——পদে আরব্ধ, আছে; এবং সুসমাচার সমাপ্ত হইলে পশ্চাৎ লিখিত প্রতীতি বাক্য গীত কিম্বা কথিত হইবে, এবং লোক সকল পূর্ব্বমত দণ্ডায়মান থাকিবে.

স্বর্গ ও পৃথিবীর এবং দৃশ্য ও অদৃশ্য সকলের সৃষ্টিকর্ত্তা সর্ব্বশক্তিমান পিতা এক ঈশ্বরে আমি বিশ্বাস করি:

এবং ঈশ্বরের একমাত্র জাত পুত্র এক প্রভু য়ীশু খ্রীষ্টে, যিনি সর্ব্ব জগতের পূর্ব্বে আপন পিতা হইতে জাত, ঈশ্বর হইতে ঈশ্বর, দীপ্তি হইতে দীপ্ত, সত্য ঈশ্বর হইতে সত্য ঈশ্বর, জনিত, নতু সৃষ্ট, ও পিতার সহিত সমবস্তু, যাঁহা

দ্বারা সকল সৃষ্ট, যিনি নরগণ যে আমরা আমাদের জন্যে ও আমাদের ত্রাণের জন্যে স্বর্গ হইতে নামিলেন, ও সদাত্মা দ্বারা মারিয়া কুমারী হইতে ধৃতদেহ হইলেন, এবং মনুষ্য হইলেন, ও পীলাতের অধীনে আমাদের জন্যে ক্রুশার্পিত হইলেন, তিনি দুঃখ ভোগ করিলেন, এবং পোতিত হইলেন, ও ধর্ম্ম শাস্ত্রানুসারে তৃতীয় দিবসে পুনরায় উঠিলেন, এবং স্বর্গে আরোহণ করিলেন, ও পিতার দক্ষিণ পার্শ্বে বসিয়া আছেন: এবং জীবিত ও মৃতদের বিচার করিতে মহিমাপূর্ব্বক পুনরায় আসিবেন; তাঁহার রাজ্যের অন্ত নাই.

এবং প্রভু ও জীবনদায়ক সদাত্মায় আমি বিশ্বাস করি, যিনি পিতা ও পুত্র হইতে নির্যায়ী, যিনি পিতা ও পুত্রের সহিত একত্র সেবিত, ও গৌরবীকৃত, যিনি প্রবাচকগণ দ্বারা কহিলেন, এবং এক সার্ব্ব ও প্রৈরিতিক সভা আমি বিশ্বাস করি: আমি পাপ মোচনার্থে এক বাপ্তিস্ম স্বীকার করি; ও মৃতদের পুনরুত্থান ও পরকালে জীবনের অপেক্ষা করি. আমেন্.

¶ পরে যে উৎসব কিম্বা উপবাস দিন্ আগামি সপ্তাহে পালনীয় তাহা রক্ষক লোকদিগকে জানাইবেন, এবং তখনও প্রয়োজন হইলে সহভাগের সম্বাদ দেওয়া যাইবেক এবং যাচ্ঞা পত্র, আহ্বান পত্র, ও বহিষ্করণ পত্র, পাঠ করা যাইবে এবং ঐশ্বরিক সেবা সময়ে ধর্ম্মপরিচারক ব্যতিরেক অন্য কেহ সভার মধ্যে কোন বিষয় প্রকাশ কিম্বা প্রচার করিবে না, আর এই পুস্তকের নিয়মে যাহা নির্দ্ধারিত, কিম্বা রাণী, কিম্বা তৎতৎস্থানের অধ্যক্ষ কর্তৃক আদিষ্ট তাহা ব্যতিরেকে অন্য কিছু তিনিও কহিবেন না.

¶ ইহার পর ঘোষণা হইবে কিম্বা ঐ সকল উপদেশের মধ্যে এক, যাহা অনুমতি দ্বারা প্রকাশিত হইয়াছে কিম্বা পশ্চাৎ প্রকাশিত হইবে.

¶ পরে পুরোহিত প্রভুর মেজে প্রত্যাগত হইয়া, পশ্চাৎ লিখিত এই পদ সমুদায়ের এক কিম্বা অধিক যেমন তিনি আপন বিবেচনায় উপযুক্ত বোধ করেন, তাহা পাঠ করত দান সেবা আরম্ভ করিবেন.

মনুষ্যদের সাক্ষাতে তোমাদের দীপ্তি এমনি প্রকাশ হউক যেন তাহারা তোমাদের সৎক্রিয়া দেখিয়া তোমাদের স্বর্গস্থ পিতার গৌরব প্রকাশ করে. মথায়. ৫—১৬

যেখানে কীট ও মর্চ্চ্যাতে ক্ষয় করে এবং চোরেরা সিঁধ কাটিয়া চুরি করে এমন যে পৃথিবী সেখানে আপনাদের জন্যে ধন সঞ্চয় করিও না, কিন্তু যেখানে কীট মর্চ্চ্যাতে ক্ষয় না করে, এবং চোরেরা সিঁধ দিয়া চুরি না করে, এমন যে স্বর্গ, সেখানে ধন সঞ্চয় কর. মথায়. ৬—১৯, ২০

পর হইতে যেরূপ ব্যবহারের অপেক্ষা কর, তোমারাও তাহার প্রতি তেমনি ব্যবহার কর, যেহেতুক ব্যবস্থা ও ভবিষ্যদ্বক্তাদের বাক্যের সার এই. মথায়. ৭—১২

যাহারা আমাকে প্রভুঃ করিয়া বলে তাহারা সকলেই যে স্বর্গরাজ্যে প্রবেশ করিতে পাইবে এমত নয়, কিন্তু যে ব্যক্তি আমার স্বর্গীয় পিতার ইষ্ট ক্রিয়া করে, সেই পাইবে. মথায়. ৭—২১

যকিয়স য়ীশুর সম্মুখে দণ্ডায়মান হইয়া বলিতে লাগিল, হেপ্রভো, আমার যে সংস্থান আছে তাহার অর্দ্ধেক দরিদ্রদিগকে দান করিলাম; আর অসঙ্গত করিয়া কাহারো যদি কখনো কিছু লইয়া থাকি, তবে চতুর্গুণে তাহা ফিরাইয়া দিলাম. লূক. ১৯—৮. ৯.

আপন ধন ব্যয় করিয়া কে সংগ্রাম করিতে যায়? এবং দ্রাক্ষাক্ষেত্র রোপণ করিয়া কে তাহার ফল ভোগ না করে? এবং পশুর পাল পালন করিয়া কে তাহার দুগ্ধ পান না করে? ১ করি ৯—৭.

আমরা তোমাদের নিমিত্তে যদি বীজ স্বরূপ পারমার্থিক বিষয় রোপণ করিয়াছি, তবে শস্যের ন্যায় তোমাদের সাংসারিক বিষয়ের যে অংশী হইব, এ কি আশ্চর্য্য কথা? ১. করি ৯.—১১.

তোমরা কি জান না যে যাহারা মন্দিরে ঈশ্বরের সেবা করে, তাহাদের ঐ সেবাই উপজীবিকা হয়, এবং যাহারা বেদির সেবা করে, তাহাদের সেই উপজীবিকা হয়? সেই রূপ প্রভুও এই নিরূপণ করিয়াছেন, যে যাহারা সুসমাচার প্রচার করিবে তাহাদের সেই প্রচার করণ উপজীবিকা হইবে. ১. করি ৯—১৩. ১৪.

যে জন অল্প বীজ বপন করে সে অল্প শস্য পাইবে; এবং যে অধিক বীজ বপন করে সে অধিক পাইবে, অতএব তোমারা প্রত্যেক জন মনের নিরূপণানুসারে অকাতরে আবশ্যক বোধ না করিয়া দান কর, কেননা ঈশ্বর স্বচ্ছন্দ দাতাকে ভাল বাসেন. ২. করি. ৯.—৬. ৭.

যে জন সুসমাচার বিষয়ক শিক্ষা পায় সে তাবৎ নিজ উত্তম বিষয়ের কিঞ্চৎ ২ শিক্ষককে দান করুক. তোমরা ভ্রান্ত হইও না, ঈশ্বরকে প্রবঞ্চনা করা যায় না; যে মনুষ্য যাহা বুনে, সে তাহাই কাটিবে. গালা. ৬.—৬. ৭.

সুযোগ পাইলে যেন সকল লোকের বিশেষতঃ বিশ্বাস-কারি পরিবারের মঙ্গল করি. গালা. ৬.—১০.

যদি মনুষ্য নিজ দ্রব্যেতে সন্তুষ্ট থাকে, তবে ঈশ্বর সেবাই প্রকৃত লাভ. এই জগতে আমরা কোন বস্তু লইয়া আসি নাই, এবং এই স্থান হইতে লইয়া যাইতেও পারিব না. ১. তিম. ৬.—৬ ৭.

যাহারা এই সংসারের ধনেতে ধনী, তাহারা যেন বিতরণে ও দানে প্রস্তুত হয়, আর পরকালে অনন্ত পরমায়ুঃ প্রাপ্তির নিমিত্তে উত্তম ধন সঞ্চয় করে, তাহাদিগকে এমত আজ্ঞা দেও. ১. তিম. ৬.—১৭. ১৮. ১৯.

তোমরা পবিত্র লোকদিগকে যে সেবা করিয়াছ, এবং অদ্যাপি করিতেছ, ও তাহাদ্বারা ঈশ্বরের নামে যে প্রকার পরিশ্রম করিয়া প্রেমের ক্রিয়া প্রকাশ করিয়াছ তাহা ঈশ্বর অন্যায় করিয়া বিস্মৃত হইবেন না. এব্রি. ৬.—১০.

পরোপকার ও দান করিতে বিস্মৃত হইও না, কেননা ইহা ঈশ্বরের সন্তোষজনক যজ্ঞ. এব্রি. ১৩.—১৬.

সাংসারিক ধনবান হইয়া ভ্রাতার দীনতা দেখিলেও যদি কেহ আপনার দয়া রোধ করে, তবে তাহার অন্তরে ঈশ্বরের প্রেম কিপ্রকারে থাকিতে পারে. ১. যোহ. ৩.—১৭.

তোমার সম্পত্তি হইতে দান কর, ও দরিদ্র ব্যক্তিদের হইতে মুখ ফিরাইও না, তবে পরমপ্রভু আপন মুখ তোমাহইতে ফিরাইবেন না. তোব. ৪.—৭.

শক্ত্যনুসারে দয়াবান্ হও. যদি তোমার অধিক থাকে তবে বাহুল্যরূপে দান কর, যদি তোমার কিঞ্চিৎ থাকে

তবে ঐ কিঞ্চিৎ হইতে আহ্লাদ পূর্ব্বক দান করিতে চেষ্টা কর: কেননা ইহাতে বিপদ সময়ে আপন জন্যে পরম ফল সঞ্চয় করিতেছ. তোব. ৪.—৮ ৯.

যে জন দরিদ্রদিগকে দয়া করে সে পরমপ্রভুকে ঋণী করে, এবং দেখ যাহা ব্যয় হইয়াছে তাহা সে অবশ্য ফিরিয়া পাইবে. হিতোপদেশ. ১৯.—১৭.

যে জন রোগী ও দরিদ্র লোকদের উপায় চেষ্টা করে সে জন ধন্য; কেননা পরমপ্রভু দুর্দশাবস্থায় তাহার নিস্তার করিবেন. গীত. ৪১.—১০.

¶ এই পদের পাঠকালে পরিচারকেরা, সভা নির্ব্বাহকেরা, কিম্বা উপযুক্ত অন্য কোন নিযুক্ত ব্যক্তি, দান সেবার্থে পাত্রী কর্ত্তৃক প্রস্তুত যোগ্যপাত্রে দরিদ্রদের জন্য ভিক্ষা ও লোকদের অন্যান্য নৈবেদ্য লইবে ও সম্মানপূর্ব্বক পুরোহিতের নিকট আনিবে এবং তিনি তাহা নম্ররূপে নিবেদন করিয়া পুণ্য মেজের উপর রাখিবেন.

¶ এবং যদি সহভাগ হয় তবে পুরোহিত তখন যত যথেষ্ট বোধ করিবেন তত রুটী ও দ্রাক্ষারস মেজের উপর রাখিবেন.

তৎপরে পুরোহিত কহিবেন.

অত্রস্থ পৃথিবীতে যুধ্যমান খ্রীষ্ট সভার তাবৎপ্রকার লোকের জন্যে আমরা প্রার্থনা করি.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যজীবি ঈশ্বর, তুমি সকল মনুষ্যদের জন্যে প্রার্থনা ও যাচ্ঞা করিতে, ও ধন্যবাদ দিতে আপন পুণ্য প্রেরিতদ্বারা আমাদিগকে শিখাইয়াছ; অতএব আমরা সবিনয় নিবেদন করিতেছি, যে অত্যন্ত দয়া

পূর্ব্বক [আমাদের ভিক্ষা ও নৈবেদ্য গ্রাহ্য কর, এবং] তোমার ঐশ্বরিক মহিমার নিকট আমাদের নিবেদ্যমান এই প্রার্থনা শ্রবণ কর; আমরা তোমাকে নিবেদন করি, যে তোমার সার্ব্বসভাকে সত্য ও ঐক্য ও সম্মিলনের আত্মাতে নিরন্তর ব্যাপ্ত কর; আর প্রদান কর, যাহারা তোমার পুণ্য নাম স্বীকার করে তাহারা সকলে যেন তোমার পুণ্যবাক্যের সত্যতাতে সম্মত হয় এবং ঐক্যে ও পারমার্থিক প্রেমে বাস করে. আরও তোমাকে নিবেদন করি, তাবৎ খ্রীষ্টীয় রাজা, অধিপতি, ও শাসন কর্ত্তাদিগকে, বিশেষতঃ তোমার দাসী আমাদের রাণী বিক্তোরিয়াকে উদ্ধার, ও রক্ষা কর, তাহাতে যেন আমরা তাঁহার অধীনে ধর্ম্মে ও শান্তিতে শাসিত হই: এবং তাঁহার মন্ত্রিবর্গকে ও তাঁহার অধীন পদস্থ সকলকে প্রদান কর, যে তাহারা সত্য ও অপক্ষপাতরূপে ন্যায় বিচার করে, তাহাতে যেন দুষ্টতা ও কুক্রিয়ার দমন এবং সত্য ধর্ম্ম ও সুক্রিয়ার পালন হয়, আর হে স্বর্গীয় পিতঃ তাবৎ বিশপ ও রক্ষকগণকে প্রসাদ প্রদান কর, যেন তাহারা আপনাদের আচরণ ও উপদেশ উভয়দ্বারা তোমার সত্য ও সজীব বাক্য প্রচার করে, এবং প্রকৃত ও উপযুক্তরূপে তোমার পুণ্য সংস্কার সম্পাদন করে, এবং তোমার লোক সকলকে বিশেষতঃ এই উপস্থিত সভাকে তোমার স্বর্গীয় প্রসাদ প্রদান কর; যেন তাহারা নম্রান্তঃকরণে ও প্রকৃত আদর পূর্ব্বক তোমার পুণ্য

যদি ভিক্ষা কিম্বা নৈবেদ্য না থাকে তবে আমাদের ভিক্ষা ও নৈবেদ্য গ্রাহ্য কর, এই কথা কথিত হইবে না.

বাক্য শ্রবণ, ও গ্রহণ করে, এবং যাবজ্জীবন পুণ্য ও ধর্ম্মাচরণে সত্যরূপে তোমার সেবা করে, আর হে প্রভো আমরা অতি বিনয় পূর্ব্বক নিবেদন করি, এই অস্থায়ি জীবনে যাহারা ক্লেশ, মনস্তাপ, দীনতা, পীড়া, কিম্বা অন্য কোন আপদগ্রস্ত হইয়াছে, দয়া করিয়া তাহাদের সান্ত্বনা, ও আনুকূল্য কর; আরো তোমার বিশ্বাস, ও ভয়েতে এই জীবন হইতে গত তোমার সমস্ত দাসগণের কারণ আমরা তোমার পুণ্য নামের ধন্যবাদ করিতেছি, এবং তোমাকে বিনয় করি, আমাদিগকে প্রসাদ প্রদান কর, যেন তাহাদের সদ্দৃষ্টান্তে এমত অনুগমন করি, যে আমরা তাহাদের সহিত তোমার স্বর্গীয় রাজ্যের অংশী হই. হে পিতঃ আমাদের অদ্বিতীয় মধ্যস্থ ও প্রতিনিধি য়ীশু খ্রীষ্টের নিমিত্তে ইহা প্রদান কর. আমেন্.

¶ যখন ধর্ম্মপরিচারক প্রভুর সহভাগ করণের সম্বাদ দেন [যাহা তিনি সর্ব্বদা অব্যবহিত পূর্ব্ব রবিবারে কিম্বা কোন পর্ব্ব দিনে দিবেন] তৎকালে ঘোষণা বা উপদেশ সমাপ্ত হইলে তিনি পশ্চাৎ লিখিত এই চেতনা বাক্য পাঠ করিবেন.

হে অতি প্রিয়েরা আমি মনঃস্থ করি, যে আগামি—— দিনে যাহারা ধর্ম্ম ও ভক্তিশীল হইবে, তাহাদের সকলের প্রতি ঈশ্বরের আনুকূল্য দ্বারা খ্রীষ্টের দেহ ও রক্তের অতিশয় সান্ত্বনাজনক সংস্কার সম্পাদন করিব, তাহাতে যেন ইহা তাঁহার গুণান্বিত ক্রুশ ও দুঃখভোগের স্মরণার্থে তাহাদের কর্ত্তৃক গৃহীত হয়, যদ্দ্বারা কেবল আমরা পাপ মোচন পাই এবং স্বর্গরাজ্যের অংশী হই. অতএব

আমাদের কর্ত্তব্য, যে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর আমাদের স্বর্গায় পিতাকে অতি নম্রভাবে সান্তঃকরণে ধন্যবাদ করি, কেননা তিনি তাঁহার পুত্র আমাদের ত্রাণ কর্ত্তা য়ীশু খ্রীষ্টকে আমাদের জন্য কেবল মরিতে নয় কিন্তু আরো ঐ পুণ্য সংস্কারে আমাদের পারমার্থিক ভক্ষ্য ও আহার হইতে প্রদান করিয়াছেন; ইহা যোগ্যরূপে গ্রাহকদের প্রতি এমত ঐশ্বরিক ও সান্ত্বনাজনক, এবং অযোগ্যরূপে গ্রহণ করিতে দুঃসাহসিদের প্রতি এমত বিপদ্জনক বিষয় হওয়াতে, আমার কর্ত্তব্য তোমাদিগকে উপদেশ দিই, যে ইতিমধ্যে তোমরা ঐ পুণ্যনিগূঢ়ের মাহাত্ম্য ও উহার অযোগ্য গ্রহণের ঘোর সঙ্কট বিবেচনা কর, এবং তাচ্ছল্যরূপে ও ঈশ্বরের নিকট কপটি লোকের ন্যায় না করিয়া এমত রূপে আপনাদের মনের অনুসন্ধান ও পরীক্ষা করিবা যে পবিত্র ও পরিষ্কৃত হইয়া ধর্ম্ম গ্রন্থে ঈশ্বরের আদিষ্ট বিবাহ বস্ত্রেতে এমত স্বর্গীয় উৎসবে আইস ও ঐ পুণ্য মেজের যোগ্য অংশীরূপে গৃহীত হও.

ইহা করণের পথ ও উপায় এই; প্রথমতঃ ঈশ্বরের আজ্ঞার বিধানানুসারে আপনাদের আচরণ ও ব্যবহার পরীক্ষা কর এবং যে২ বিষয়ে, ইচ্ছা, বাক্য কিম্বা ক্রিয়াতে, আপনাদিগকে অপরাধী বুঝিবা, তাহাতে আচরণ শুদ্ধ করণের পূর্ণ অভিপ্রায়ে আপনাদের পাপিষ্ঠতার বিলাপ কর, এবং সর্ব্বশক্তিমান্ ঈশ্বরের নিকটে স্বীকার কর, এবং যদি বুঝ, তোমাদের অপরাধ এমত যে কেবল ঈশ্বরের

বিরুদ্ধে নয়, কিন্তু তোমাদের প্রতিবাসিরও বিরুদ্ধে বটে, তবে আপনারা তাহাদের সঙ্গে মিলন করিবা; এবং তোমাদের কর্ত্তৃক অন্য কাহারো যে অপকার ও হানি হইয়া থাকে তাহার পরিশোধ ও প্রতীকার তোমাদের যৎ-পরোনাস্তি শক্ত্যনুসারে করিতে প্রস্তুত থাকিবা এবং যাহারা তোমাদের বিরুদ্ধে অপরাধ করিয়াছে তাহাদের ক্ষমা করিতেও প্রস্তুত থাকিবা, যেমত তোমরা ঈশ্বরের হস্তে আপনাদের অপরাধ ক্ষমা ইচ্ছা কর, কেননা নতুবা পুণ্য সহভাগ গ্রহণ আর কিছু করে না, কেবল তোমাদের দণ্ডার্হতা বৃদ্ধি করে; অতএব যদি তোমাদের কেহ ঈশ্বর নিন্দক কিম্বা তাঁহার বাক্যের বিরোধী বা কুৎসাকারী অথবা ব্যভিচারী কিম্বা দ্বেষ হিংসা বা অন্য কোন মহা দোষান্বিত হয়, তবে তোমাদের পাপের জন্য অনুতাপ কর, নচেৎ ঐ পুণ্য মেজে আসিও না; পাছে ঐ পুণ্য সংস্কার গ্রহণের পর শয়তান যেমত য়িহোদার অন্তরে প্রবেশ করিয়াছিল, তেমনি তোমাদের অন্তরেও প্রবেশ করে, এবং তোমাদিগকে সমস্ত দুষ্ক্রিয়াতে পূর্ণ করে, ও শরীর ও আত্মা উভয়ের নাশ প্রাপ্ত করায়.

এবং যেহেতুক ইহা আবশ্যক যে ঈশ্বরের দয়াতে পূর্ণ বিশ্বাস ও সুস্থির মন ব্যতিরেকে কেহ পুণ্য সহভাগে না আইসে; অতএব যদি এই উপায়ের দ্বারা তোমাদের কেহ ইহাতে আপন মন সুস্থির করিতে না পারে, কিন্তু আরো সান্ত্বনা ও পরামর্শের প্রয়োজনান্বিত হয়, তবে সে আমার নিকট কিম্বা ঈশ্বরের বাক্যের অন্য কোন বিবেচক ও বিদ্বান্

পরিচারকের নিকট আইসুক এবং আপন দুঃখ প্রকাশ করুক, যেন সে ঈশ্বরের পুণ্য বাক্যের পরিচর্য্যাদ্বারা পারমার্থিক মন্ত্রণা ও পরামর্শের সহিত বিমোচন লাভ প্রাপ্ত হয়, তাহাতে যেন তাহার মন স্থৈর্য্য এবং সমস্ত সন্দেহ ও দ্বিধার নিবারণ হয়.

¶ অথবা যদি তিনি পুণ্য সহভাগে আসিতে লোকদের ত্রুটি দেখেন তবে পূর্ব্বের পরিবর্ত্তে এই চেতনাবাক্য পাঠ করিবেন.

হে অতি প্রিয় ভ্রাতৃগণ ঈশ্বরের প্রসাদে আমি——— দিনে প্রাভবিক ভোজন সম্পাদন করিতে মনস্থ করি, যাহাতে এই স্থলে উপস্থিত তোমাদের সকলকে ঈশ্বরের নামে আমি নিমন্ত্রণ করিতেছি, ও প্রভু য়ীশু খ্রীষ্টের নিমিত্তে বিনয় করিতেছি, যে স্বয়ং ঈশ্বর কর্ত্তৃক তোমরা এমত প্রেমপূর্ব্বক আহূত ও নিমন্ত্রিত হইয়া তাহাতে আসিতে অসম্মত হইও না. যখন কোন মনুষ্য এক মহা ভোজ প্রস্তুত করে ও সর্ব্ব প্রকার ভক্ষ্য দ্রব্যে আপন মেজ শোভিত করে, কেবল নিমন্ত্রিত লোকদের উপবেশন ব্যতিরেকে আর কিছু অপেক্ষা নহে তখন যদি আহূত লোকেরা বিনা কোন কারণে অত্যন্ত অকৃতজ্ঞতাপূর্ব্বক আসিতে অসম্মত হয়, ইহা কেমন দুঃখ ও অপ্রিয়ের বিষয় তোমরা জান; এমত হইলে তোমাদের মধ্যে কে না ক্রুদ্ধ হইবে? কে না আপনার মহাহানি ও অন্যায় বুঝিবে? অতএব হে খ্রীষ্টেতে প্রিয়তমেরা অত্যন্ত সাবধান হও পাছে তোমরা এই পুণ্য ভোজন হইতে পরাঙ্মুখ হইয়া

আপনাদের বিরুদ্ধে ঈশ্বরের ক্রোধ প্রজ্বলিত করাও. ইহা কহা লোকের সহজ বটে, যে আমি সহভাগ করিব না কেননা সাংসারিক কর্ম্মে প্রতিবদ্ধ আছি, কিন্তু এমত আপত্তি ঈশ্বরের গোচরে তদ্রূপ সহজে গ্রাহ্য ও স্বীকৃত হয় না, যদি কেহ বলে আমি অত্যন্তপাপা, অতএব আসিতে ভীত হই, তবে তোমরা কেন অনুতাপ কর না, ও শুধরাও না, যখন ঈশ্বর তোমাদিগকে আহ্বান করেন তখন আমরা যাইব না, ইহা কহিতে কি তোমরা লজ্জিত হও না, যখন ঈশ্বরের নিকট প্রত্যাগত হইতে তোমাদের উচিত হয় তখন কি আপত্তি করিবা, ও আমরা প্রস্তুত নহি ইহা কহিবা? আপনাদের মধ্যে যত্নপূর্ব্বক বিবেচনা কর যে এমত কল্পিত আপত্তি ঈশ্বরের নিকট কেমন নিরর্থক. ক্ষেত্র ক্রয় করিয়াছিল, কিম্বা যুগ্ম বলদের পরীক্ষা করিরে, কিম্বা বিবাহিত হইয়াছিল, এই হেতু যাহারা সুসমাচারোক্ত ভোজ অস্বীকার করিল তাহাদের এই আপত্তি গ্রাহ্য হইল না, কিন্তু স্বর্গীয় ভোজের অযোগ্য গণিত হইল. আমি আমার পক্ষে প্রস্তুত থাকিব এবং আমার পদানুসারে ঈশ্বরের নামে আমি তোমাদিগকে নিমন্ত্রণ করিতেছি ও খ্রীষ্টের পক্ষে আহ্বান করিতেছি এবং তোমাদিগকে উপদেশ দিতেছি যে যদি আপনাদের পরিত্রাণ প্রিয় বোধ কর, তবে এই পুণ্য সহভাগের অংশী হও. এবং যেরূপ ঈশ্বরের পুত্র প্রসন্ন হইয়া তোমাদের ত্রাণের নিমিত্তে ক্রূশের উপর মরণের দ্বারা আপন আত্মা-কে সমর্পণ করিয়াছেন, তদ্রূপ যেমন তিনি স্বয়ং আজ্ঞা

দিয়াছেন তদনুসারে তাঁহার মরণের বলিদান স্মরণার্থে, এই সহভাগ গ্রহণ করা তোমাদের কর্ত্তব্য: এবং তাহা করিতে যদি তোমরা ত্রুটি কর, তবে আপনা আপনি বিবেচনা কর, যে ঈশ্বরের কতোধিক অপমান করিতেছ এবং এইহেতু তোমাদের মস্তকের উপর কেমন ঘোর দণ্ড ঝুলিতেছে, যখন তোমরা জানিয়া শুনিয়া প্রভুর মেজ হইতে বিমুখ হও এবং তোমাদের যে ভ্রাতৃগণ ঐ পরম স্বর্গীয় ভক্ষ্যের উৎসবে আহার করিতে আইসে তাহাদের হইতে ভিন্ন হও. এই সকল বিষয় যদি তোমরা যত্নপূর্ব্বক বিবেচনা কর তবে ঈশ্বরের প্রসাদে তোমরা উত্তম অন্তঃকরণ পুনঃ প্রাপ্ত হইবা এবং তাহা পাইবার নিমিত্তে আমাদের স্বর্গীয় পিতা সর্ব্বশক্তিমান্ ঈশ্বরের নিকটে আমরা সবিনয় নিবেদন করিতে ক্ষান্ত হইব না.

¶ সহভাগ সম্পাদন কালে সহভাগি ব্যক্তিরা পুণ্য সংস্কার গ্রহণার্থে যোগ্যরূপে স্থিত হইলে, পুরোহিত এই চেতনা বাক্য দিবেন.

হে প্রভুতে অতি প্রিয়েরা তোমরা যে আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্টের দেহ ও রক্তের পুণ্যসহভাগে আসিতে মনস্থ করিতেছ; তোমাদের বিবেচনা করা কর্ত্তব্য, যে সাধু পাউল সকল ব্যক্তিদিগকে ঐ রুটী ভক্ষণ ও ঐ পাত্রপানে সাহসী হইবার পূর্ব্বে যত্নপূর্ব্বক আপনাদিগকে পরীক্ষা ও বিচার করিতে কেমন চেতনা দেন; যেহেতুক যাদৃশ সত্য খেদান্তঃকরণ ও সজীব বিশ্বাসের সহিত আমরা ঐ পুণ্য সংস্কার গ্রহণ করিলে, পরম উপকার হয়, [কেননা

তাহাতে আমরা পারমার্থিক ভাবে খ্রীষ্টের মাংস ভক্ষণ ও তাঁহার রক্ত পান করি তাহাতে আমরা খ্রীষ্টেতে ও খ্রীষ্ট আমাদিগেতে বাস করেন; আমরা খ্রীষ্টের সহিত ও খ্রীষ্ট আমাদের সহিত একই] তাদৃশ তাহা অযোগ্যরূপে গৃহণ করিলে মহাবিপদ্ হয়, কেননা তাহাতে আমরা আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্টের দেহ ও রক্তের বিষয়ে অপরাধী হই, ও পুভুর দেহ বিবেচনা না করিয়া আমরা আপনাদের দণ্ড ভোজন ও পান করি; আপনাদের বিরুদ্ধে ঈশ্বরের ক্রোধ পুজ্বলিত করি; আমাদিগকে বিবিধ রোগ ও নানা পুকার মৃত্যু দ্বারা যন্ত্রণা দিতে তাঁহাকে কুপিত করি; অতএব হে ভ্রাতৃগণ আপনাদিগকে বিচার কর যেন পুভু কর্ত্তৃক বিচারিত না হও, আপনাদের পূর্ব্বকৃত পাপের জন্য সত্যরূপে অনুতাপ কর, আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্টেতে সজীব ও দৃঢ় বিশ্বাস রাখ; তোমাদের আচরণ শুধরাও, এবং সকল মনুষ্যের সহিত সম্পূর্ণ পেুমে থাক; এইরূপে তোমরা ঐ পুণ্য নিগূঢ়ের যোগ্য অংশী হইবা; আর সর্ব্বাপেক্ষা আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্ট যিনি ঈশ্বর ও মনুষ্য উভয়ই তাঁহার মৃত্যু ও দুঃখ দ্বারা জগতের উদ্ধার নিমিত্তে, পিতা পুত্র ও সদাত্মা ঈশ্বরের পুতি অতি নমূভাবে সান্তঃকরণে ধন্যবাদ করা তোমাদের উচিত, কারণ তিনি অন্ধকার ও মৃত্যুর ছায়াতে স্থিত দীন হীন পাপি আমাদের নিমিত্তে ক্রুশোপরি মরণ পর্য্যন্ত আপনাকে লঘু করিলেন, যেন আমাদিগকে ঈশ্বরের পুত্র করেন ও অনন্তজীবনে উন্নতি দেন. এবং আমাদের নিমিত্তে

এইরূপে ম্রিয়মাণ আমাদের প্রভু ও অদ্বিতীয় ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টের অত্যন্ত মহা প্রেম ও তাঁহার বহুমূল্য রক্তপাতদ্বারা আমাদের নিমিত্তে তৎকর্ত্তৃক ক্রীত অসংখ্য মঙ্গল, যেন আমরা সর্ব্বদা স্মরণকরি, এই অভিপ্রায়ে তিনি তাঁহার প্রেমের চিহ্ন স্বরূপ তাঁহার মরণের নিরন্তর স্মরণার্থে পুণ্য নিগূঢ় স্থাপন ও নিরূপণ করিয়াছেন, যাহাতে আমাদের অতিশয় ও অনন্ত সান্ত্বনা জন্মে; অতএব পিতা ও সদাত্মার সহিত তাঁহাকে যেমত আমাদের অত্যন্ত কর্ত্তব্য, তদ্রূপ নিরন্তর ধন্যবাদ করি; এবং আপনাদিগকে তাঁহার পুণ্যেচ্ছা ও সন্তোষের সম্পূর্ণরূপে বশীভূত করিয়া যাবজ্জীবন সত্য পবিত্রতা ও ধর্ম্মাচরণে তাঁহার সেবা করিতে যত্নবান্ হই. আমেন্.

¶ পরে যাহারা পুণ্য সহভাগ গ্রহণ করিতে আইসে, তাহাদিগকে পুরোহিত কহিবেন.

তোমরা যে সত্যরূপে ও একান্তমনে আপন২ পাপের অনুতাপ করিতেছ, ও আপন২ প্রতিবাসিদের সহিত প্রীতি ও প্রেমেতে আছ, এবং ঈশ্বরের আজ্ঞানুগমন করত ও এই অবধি তাঁহার পবিত্র পথে চলত নূতন আচার ব্যবহার করিতে মনস্থ করিতেছ, তোমরা বিশ্বাসপূর্ব্বক নিকটে আইস ও আপনাদের সান্ত্বনার্থে এই পুণ্য সংস্কার গ্রহণ কর, এবং নম্রূপে হাঁটু পাতিয়া সর্ব্বশক্তিমান্ ঈশ্বরের স্থানে সবিনয়ে আপনাদের পাপ স্বীকার কর.

¶ পরে পুণ্য সহভাগ গ্রহণ করিতে মনস্থকারি সকলের নামে ধর্ম্মপরিচারকদের এক জন কর্তৃক এই সাধারণ স্বীকার কথিত হইবে, তিনি ও লোক সমূহ উভয়ে নম্ররূপে হাঁটু পাতিয়া কহিবেন.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের পিতা, সকল বস্তুর স্রষ্টা, সকলমনুষ্যের বিচারকর্ত্তা, আমরা আপনাদের নানাবিধ পাপ ও দুষ্টতা স্বীকার ও বিলাপ করি, যাহা আমরা বারম্বার কায়মনোবাক্যে তোমার ঈশ্বরীয় মহিমার বিরুদ্ধে অতি ঘোরতররূপে করত, তোমার কোপ ও ক্রোধ আমাদের উপর অতি যথার্থরূপে প্রজ্বলিত করিয়াছি, আমাদের এই সকল দুষ্ক্রিয়া হেতু আমরা একান্ত অনুতাপ করিতেছি, ও সান্তঃকরণে খেদিত আছি, ইহাদের স্মরণ আমাদের শোকজনক ইহাদের ভার অসহ্য. হে অতি দয়াময় পিতঃ, আমাদের প্রতি দয়া কর, আমাদের প্রতি দয়া কর, আপন পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের নিমিত্তে আমাদের পূর্ব্বকৃত সমস্ত ক্ষমা কর; এবং প্রদান কর, যেন আমরা এই অবধি নিরন্তর তোমার নামের আদর ও মহিমার্থে নূতন আচরণে তোমাকে সেবা ও সন্তুষ্ট করি; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

¶ পরে পুরোহিত, [কিম্বা বিশপ, উপস্থিত থাকিলে] দাঁড়াইয়া ও লোকদের প্রতি ফিরিয়া এই বিমোচন প্রচার করিবেন.

সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমাদের স্বর্গীয় পিতা যিনি আপনার প্রতি একান্ত অনুতাপ ও সত্য বিশ্বাসে প্রত্যা-

বৃত্ত লোক সকলকে আপন পরমদয়াতে পাপ ক্ষমা অঙ্গীকার করিয়াছেন, তিনি তোমাদের প্রতি দয়া করুন, তোমাদের সকল পাপ হইতে তোমাদিগকে ক্ষমা ও উদ্ধার করুন, সকল উত্তমতায় তোমাদিগকে দৃঢ় ও সবল রাখুন, ও তোমাদিগকে অনন্ত জীবনে আনুন, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা ইহা হউক. আমেন্.

¶ পরে পুরোহিত কহিবেন.

আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্ট আপনার প্রতি সত্যরূপে প্রত্যাবৃত্ত লোক সকলকে কেমন সান্ত্বনাজনক কথা কহেন তাহা শুন.

হে পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোক সকল, তোমরা আমার নিকটে আইস, আমি তোমাদিগকে বিশ্রাম দিব. মথায়. ১১.—২৮.

ঈশ্বর জগতের প্রতি এমত প্রেম করিলেন, যে তিনি আপন একমাত্র জাতপুত্রকে প্রদান করিলেন, যেন তাঁহাতে প্রত্যেক বিশ্বাসকারী নষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়. যোহন. ৩.—১৬.

সাধু পাউল যাহা কহেন তাহাও শুন.

এই বাক্য বিশ্বাস্য ও সর্ব্ব গ্রাহ্যতার উপযুক্ত যে খ্রীষ্ট য়ীশু পাপিদিগকে ত্রাণ করিতে জগতে আইলেন. ১. তিম —১. ১৫.

.সাধু যোহন যাহা কহেন তাহাও শুন.

যদি কেহ পাপ করে, ধার্ম্মিক য়ীশু খ্রীষ্ট পিতার নিকটে আমাদের প্রতিনিধি আছেন, এবং তিনি আমাদের পাপের প্রায়শ্চিত্ত হন. ১. যোহন. ২.—১. ২.

¶ পরে পুরোহিত আরও কহিবেন.

তোমাদের অন্তঃকরণ উন্নত কর.

উত্তর আমরা তাহা প্রভুর প্রতি উন্নত করি.

পু. আমরা আপন প্রভু ঈশ্বরের ধন্যবাদ করি.

উ. এইরূপ করা উপযুক্ত ও বিহিত.

¶ পরে পুরোহিত প্রভুর মেজের প্রতি ফিরিয়া কহিবেন.

ইহা অতি উপযুক্ত ও বিহিত ও আমাদের নিতান্ত কর্ত্তব্য যে হে প্রভো, শুদ্ধ পিতা সর্ব্বশক্তিমান্ নিত্যস্থায়ি ঈশ্বর, সর্ব্বদা সর্ব্বত্রে আমরা তোমার ধন্যবাদ করি.

[শুদ্ধ পিতা] এই কথা ত্রিত্ব রবিবারে পাঠ করা যাইবে না.

¶ যদি কোন নিরূপিত আজ্ঞায় বিশেষরূপে আদিষ্ট থাকে তাহা সময়ানুসারে এই স্থানে কহা যাইবে নতুবা অন্তরহিত পরে ইহা পাঠ করা যাইবে.

অতএব দূতগণ ও প্রধান দূতগণ ও স্বর্গীয় সমস্ত সমাজের সহিত, আমরা তোমার মহিমান্বিত নামের প্রশংসা

ও গৌরব করি, এবং সতত তোমার ধন্যবাদ করত কহি, শুদ্ধ, শুদ্ধ, শুদ্ধ, সেনাদের পরমপ্রভো ঈশ্বর, স্বর্গ ও পৃথিবী তোমার মহিমাতে পরিপূর্ণ, হে উচ্চতম প্রভো তোমার মহিমা হউক. আমেন্.

নিরূপিত আভাষ.

¶ খ্রীষ্ট জন্ম দিন, ও তৎপরে সাত দিন.

যে হেতুক তুমি আপন অদ্বিতীয় পুত্র য়ীশু খ্রীষ্টকে আমাদের জন্য এই সময়ে জন্মিতে প্রদান করিলা; যিনি সদাত্মার কৃতিদ্বারা আপন মাতা কুমারী মারিয়ার বস্তু হইতে, আরো পাপের লেশ ব্যতিরেকে, প্রকৃত মনুষ্য হইলেন যেন তিনি আমাদিগকে সকল পাপ হইতে পরিষ্কার করেন.

অতএব দূতগণ. ইত্যাদি.

পুনরুত্থান পর্ব্বে, ও তৎপরে সাত দিন.

কিন্তু বিশেষতঃ তোমার পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের মহিমান্বিত পুনরুত্থানের নিমিত্তে তোমার প্রশংসা করা আমাদের কর্ত্তব্য; কেননা তিনিই ঐ সত্য পাস্খীয় মেষ শাবক যাহা আমাদের জন্য উৎসৃষ্ট হইয়াছে ও জগতের পাপ হরণকরিয়াছে, যিনি আপন মৃত্যুদ্বারা মৃত্যুনাশ করিয়াছেন ও জীবনে পুনরুত্থানদ্বারা আমাদিগকে অনন্ত-জীবন পুনর্দান করিয়াছেন.

অতএব দূতগণ, ইত্যাদি.

¶ স্বর্গারোহণ দিন, ও পরে সাত দিন.

তোমার অতি প্রিয়তম পুত্র আমাদের প্রভু যীশু খ্রীষ্ট-দ্বারা; যিনি আপন অতি মহিমান্বিত পুনরুত্থানের পর, আপন প্রেরিতগণের নিকটে প্রকাশরূপে দর্শন দিলেন, এবং আমাদের জন্য এক স্থান প্রস্তুত করিতে তাঁহাদের সাক্ষাৎ স্বর্গে আরোহণ করিলেন; তাহাতে যেন তিনি যেখানে আছেন সেখানে আমরাও আরোহণ করি এবং তাঁহার সঙ্গে মহিমাতে রাজত্ব করি.

অতএব দূতগণ, ইত্যাদি.

¶ পঞ্চাশ, ও পরে ছয় দিন.

আমাদের প্রভু যীশু খ্রীষ্টদ্বারা; যাঁহার অতি সত্য অঙ্গীকারানুসারে সদাত্মা এই কালে স্বর্গহইতে প্রচণ্ড বায়ুর ন্যায় এক আকস্মিক মহাশব্দে অগ্নিময় জিহ্বার আকৃতিতে নামিলেন ও প্রেরিতগণকে শিক্ষা দিতে ও তাবৎ সত্যতাতে আনয়ন করিতে তাঁহাদের উপর বসিলেন; এবং নানা ভাষা দান আর সর্ব্বদেশীয় লোকের স্থানে সুসমাচার সতত প্রচার করিতে ব্যগ্র উদ্যোগের সহিত সাহস প্রদান করিলেন; তাহাতে আমরা অন্ধকার ও ভ্রম হইতে তোমার, ও তোমার পুত্র প্রভু যীশু খ্রীষ্টের পরিষ্কার দীপ্তি ও সত্য জ্ঞানে আনীত হইয়াছি.

অতএব দূতগণ, ইত্যাদি.

¶ ত্রিত্ব পর্ব্বে, কেবলি.

তুমি একই ঈশ্বর, একই প্রভু, এক মাত্র ব্যক্তি নহ, কিন্তু একবস্তুতে তিন ব্যক্তি. কারণ যাহা আমরা পিতার মহিমার বিষয়ে বিশ্বাস করিঁ, তাহাই পুত্র ও সদাত্মার বিষয়ে কোন প্রভেদ কিম্বা অতুল্যতা ব্যতিরেকে বিশ্বাস করি.

অতএব দূতগণ, ইত্যাদি.

¶ প্রত্যেক আভাষের পর ইহা গীত কিম্বা কথিত হইবে.

অতএব দূতগণ ও প্রধান দূতগণ ও স্বর্গীয় সমস্ত সমাজের সহিত, আমরা তোমার মহিমান্বিত নামের প্রশংসা ও গৌরব করি, এবং সতত তোমার ধন্যবাদ করত কহি, শুদ্ধ, শুদ্ধ, শুদ্ধ, সেনাদের পরমপ্রভো ঈশ্বর, স্বর্গ ও পৃথিবী তোমার মহিমাতে পরিপূর্ণ, হে উচ্চতম প্রভো তোমার মহিমা হউক. আমেন্.

¶ ইহার পর পুরোহিত প্রভুর মেজে হাঁটু পাতিয়া যাহারা সহভাগ গ্রহণ করিবেক তাহাদের সকলের নামে পশ্চাল্লিখিত এই প্রার্থনা করিবেন.

হে দয়ালু প্রভো আমরা আপনাদের নিজ ধার্ম্মিকতাতে নহে, কিন্তু তোমার নানাবিধ পরম দয়াতে নির্ভর রাখিয়া এই তোমার মেজের নিকটে আসিতে সাহস করিতেছি, আমরা তোমার মেজের নীচস্থ চূর্ণাদি কুড়াইতেও যোগ্য

নহি. কিন্তু তুমি সেই এক প্রভু যাঁহার গুণ সতত দয়া করা: অতএব হে অনুগ্রাহক প্রভো ইহা প্রদান কর, যে আমরা তোমার প্রিয় পুত্র য়ীশু খ্রীষ্টের মাংস এমত ভক্ষণ ও তাঁহার রক্ত এমত পান করি, যে আমাদের পাপ শরীর তাঁহার শরীরদ্বারা পরিষ্কৃত হয়, ও আমাদের আত্মা তাঁহার বহুমূল্য রক্তদ্বারা ধৌত হয়, এবং যেন আমরা তাঁহাতে ও তিনি আমাদিগেতে নিরন্তর বাস করেন. আমেন্.

¶ যখন পুরোহিত মেজের সম্মুখে দণ্ডায়মান হইয়া রুটী ও দ্রাক্ষারস এমতরূপে প্রস্তুত করিবেন, যে তিনি লোকদের সাক্ষাতে রুটাকে অনায়াসে ও সুধারাতে খণ্ড ২ করিতে, ও বাটী হস্তে লইতে পারেন; তখন তিনি পশ্চাল্লিখিতানুসারে সংস্কারপ্রার্থনা পাঠ করিবেন.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমাদের স্বর্গীয় পিতঃ তুমি আপন পরম দয়াতে আমাদের উদ্ধারের নিমিত্তে আপন অদ্বিতীয় পুত্র আমাদের ত্রাণকর্ত্তা য়ীশু খ্রীষ্টকে ক্রুশের উপর মরণ সহ্য করিতে প্রদান করিয়াছ; যিনি তথায় একবার নিবেদিত এক আত্মোৎসর্গ দ্বারা সমস্ত জগতের পাপের নিমিত্তে পূর্ণ ও সম্পূর্ণ ও যথেষ্ট বলিদান ও উৎসর্গ ও প্রায়শ্চিত্ত করিয়াছেন; এবং ঐ তাঁহার বহুমূল্য মরণের এক নিরন্তর স্মরণ স্থাপন করিয়াছেন ও আপন পুনরাগমন পর্য্যন্ত তাহা রক্ষা করিতে আপন পুণ্য সুসমাচারে আমাদিগকে আজ্ঞাদিয়াছেন; অতএব হে দয়াময় পিতঃ আমরা অতি বিনয় পূর্ব্বক তোমাকে নিবেদন করি-

তেছি, আমাদিগকে শ্রুবণ কর ও প্রদান কর, যেন আমরা তোমার পুত্র আমাদের ত্রাণকর্ত্তা য়ীশু খ্রীষ্টের পুণ্য নিয়মানুসারে, তাঁহার মরণ ও দুঃখভোগ স্মরণার্থে এই তোমার সৃষ্টবস্তু রুটী ও দ্রাক্ষারস গ্রহণ করত তাঁহার অতি ধন্য শরীর ও রক্তের সহভাগী হই: যিনি পরহস্তগত হওনের রাত্রিতেই *রুটী লইলেন এবং ধন্যবাদ করিয়া তাহা †ভাঙ্গিলেন, ও আপন শিষ্যদিগকে দিয়া কহিলেন, লও, খাও, এই ‡ তোমাদের নিমেত্তে দত্ত আমার শরীর; ইহা আমার স্মরণার্থে কর.

তদ্রূপ ভোজনের পর, § বাটী লইলেন, ও ধন্যবাদের পর তাহাদিগকে দিয়া কহিলেন, ইহা হইতে সকলে পান কর, কারণ নূতন নিয়মের ‖এই আমার রক্ত, যাহা পাপ ক্ষমার জন্যে তোমাদের ও অনেকের নিমিত্তে পাতিত; যতবার ইহা পান করিবা ততবার তাহা আমার স্মরণার্থে করিও. আমেন্.

*এই স্থানে পুরোহিত আপন হস্তে পাত্র লইবেন.

†এই স্থানে রুটী ভাঙ্গিবেন.

‡এই স্থানে রুটীর উপর আপন হস্তস্থাপন করিবেন.

§এই স্থানে বাটী আপন হস্তে লইবেন.

‖এই স্থানে প্রত্যেক পাত্র যাহাতে সংস্কার্য্য কোন দ্রাক্ষারস আছে তাহার উপর হস্ত স্থাপন করিবেন.

¶ অনন্তর ধর্ম্মপরিচারক আপনি প্রথমে উভয়মতে সহভাগ গ্রহণ করিবেন, ও পরে তদ্রূপ বিশপ ও পুরোহিত ও ধর্ম্মসেবক যদি কেহ বর্ত্তমান থাকেন, তাহাদিগকে দিবেন, এবং তৎপরে ক্রমানুসারে হস্তে অর্পণ করত লোকদিগকে দিবেন; ও তৎকালে সকলে নম্ররূপে হাঁটুপাতিয়া থাকিবে. এবং প্রত্যেককে রুটী দানকালে তিনি কহিবেন,

তোমার নিমিত্তে দত্ত যে আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের শরীর, তাহা তোমার শরীর ও আত্মাকে অনন্ত জীবন পর্য্যন্ত রক্ষা করুক. তোমার নিমিত্তে খ্রীষ্ট যে মরিলেন তাহার স্মরণার্থে ইহা লও, ও খাও, এবং ধন্যবাদপূর্ব্বক বিশ্বাসদ্বারা আপন অন্তঃকরণে তাঁহাকে ভক্ষণ কর.

¶ এবং কোন ব্যক্তিকে বাটী দানকালে ধর্ম্মপরিচারক কহিবেন,

তোমার নিমিত্তে পাতিত যে আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের রক্ত, তাহা তোমার শরীর ও আত্মাকে অনন্ত জীবনপর্য্যন্ত রক্ষা করুক. তোমার নিমিত্তে খ্রীষ্টের রক্ত যে পাতিত হইল তাহার স্মরণার্থে ইহা পান কর ও কৃতজ্ঞ হও.

¶ সকলের সহভাগ গ্রহণের পূর্ব্বে যদি সংস্কৃত রুটী বা দ্রাক্ষারসের অকুলান হয়, তবে পুরোহিত পূর্ব্ব লিখিত রীত্যনুসারে আরও সংস্কার করিবেন; এবং এই কথাতে রুটীর আশীর্ব্বাদ আরম্ভ করিবেন, [আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্ট পরহস্তগত হওনের রাত্রিতেই ইত্যাদি] ও এই কথাতে বাটীর আশীর্ব্বাদ. [তদ্রূপ ভোজনের পর ইত্যাদি.]

¶ সবলের সহভাগ গ্রহণ হইলে, ধর্ম্মপরিচারক প্রভুর মেজের নিকটে ফিরিয়া গিয়া সংস্কৃত ক্রয়ের অবশিষ্ট সম্মানপূর্ব্বক তাহার উপরে রাখিয়া এক পরিষ্কার বস্ত্রদ্বারা তাহা আচ্ছাদন করিবেন.

¶ পরে পুরোহিত প্রভুর প্রার্থনা পাঠ করিবেন, ও লোকেরা তাহার পশ্চাৎ প্রত্যেক যাচ্ঞা কহিবেক.

হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যেও হউক: আমাদের দিবসিক রুটী এই দিবসে আমাদিগকে দেও; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি; তেমনি আমাদেরও অপরাধ সকল ক্ষমা কর; আর আমাদিগকে পরীক্ষায় আনিও না কিন্তু মন্দ হইতে রক্ষা কর; যেহেতু তোমারই রাজ্য ও পরাক্রম ও মহিমা সদা সর্ব্বদা আছে. আমেন্.

¶ পরে পশ্চাল্লিখিত প্রার্থনা পাঠ করা যাইবে.

হে পরমপ্রভো ও স্বর্গীয় পিতঃ, প্রশংসা ও ধন্যবাদ আমাদের এই বলি দয়াপূর্ব্বক গ্রহণ করিতে, আমরা তোমার বিনয়ী সেবক তোমার পিতৃবৎ দয়া একান্তরূপে যাচ্ঞা করিতেছি: আর ইহা প্রদান করিতে তোমাকে নম্ররূপে বিনয় করিতেছি, যে আমরা ও তোমার সমস্ত সভা, তোমার পুত্র যীশু খ্রীষ্টের গুণ ও মরণহেতু ও তাঁহার রক্তে

বিশ্বাস করণ দ্বারা, আপনাদের পাপ মোচন, ও তাঁহার দুঃখ ভোগের অন্য সকল ফল প্রাপ্ত হই. এবং হে পরমপ্রভো পারমার্থিক ও পুণ্য ও সজীব বলিদানার্থে তোমার স্থানে আপনাদিগকে, আমাদের আত্মা ও শরীরকে এইক্ষণে উৎসর্গ করিতেছি; এবং বিনয়পূর্ব্বক তোমাকে নিবেদন করিতেছি, যে এই পুণ্য সহভাগের অংশী যে আমরা সকল, তোমার প্রসাদ ও স্বর্গীয় আশীর্ব্বাদে পরিপূর্ণ হই. এবং যদ্যপি আমাদের বহুবিধ পাপ প্রযুক্ত তোমার স্থানে কোন বলি উৎসর্গ করিতে আমরা অযোগ্য বটি, তত্রাপি এই নিবেদন করিতেছি, যে আমাদের যোগ্যতা বিচার না করিয়া বরং আমাদের পাপ ক্ষমা করত আমাদের এই নিতান্ত কর্ত্তব্য কর্ম্ম ও সেবা গ্রহণ কর; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের নিমিত্তে, যাঁহার দ্বারা ও যাঁহার সহিত, সদাত্মার ঐক্যতাতে হে সর্ব্বশক্তিমান পিতঃ তোমার সকল সম্মান ও মহিমা অনন্তকালপর্য্যন্ত হউক. আমেন্.

অথবা ইহা.

হে সর্ব্বশক্তিমান ও নিত্য জীবি ঈশ্বর, আমরা সর্ব্বান্তঃকরণে তোমার ধন্যবাদ করিতেছি, কেননা এই পুণ্য নিগূঢ় বিহিতরূপে গ্রহণ করিয়াছি যে আমরা, আমাদিগকে তুমি প্রসন্ন হইয়া আপন পুত্র আমাদের ত্রাণকর্ত্তা য়ীশু খ্রীষ্টের বহুমূল্য শরীর ও রক্তের পারমার্থিক ভক্ষ্যদ্বারা ভোজন করাইতেছ; এবং তদ্দ্বারা আমাদের প্রতি

তোমার দয়া ও অনুগ্রহ নিশ্চয় জানাইতেছ, আর যে আমরা তোমার পুত্রের নিগূঢ় শরীর অর্থাৎ সকল বিশ্বস্ত লোকের ধন্য সমাজের প্রকৃত সংযুক্ত অঙ্গ আছি, আরও যে তোমার প্রিয় পুত্রের বহুমূল্য মরণ ও দুঃখভোগের গুণদ্বারা আমরা আশাতে তোমার অনন্ত রাজ্যের অধিকারী হই; এবং হে স্বর্গীয় পিতঃ আমরা তোমাকে অতি বিনয়পূর্ব্বক নিবেদন করিতেছি তোমার প্রসাদ দ্বারা আমাদিগকে এমত আনুকূল্য কর যে আমরা ঐ পুণ্য সহভাগিতায় নিরন্তর থাকি এবং যে সকল সৎকর্ম্ম তুমি আমাদের আচরণের নিমিত্তে প্রস্তুত করিয়াছ তাহা করি; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা ইহা কর, তাঁহার ও তোমার ও সদাত্মার সমুদয় সম্মান ও গৌরব নিরন্তর হউক. আমেন্.

পরে কথিত বা গীত হইবে.

উর্দ্ধতম স্থানেতে ঈশ্বরের গৌরব, পৃথিবীতে শান্তি, মনুষ্যদের প্রতি প্রসন্নতা. হে পরমপ্রভো ঈশ্বর, স্বর্গীয় রাজা, সর্ব্বশক্তিমান্ পিতা ঈশ্বর, আমরা তোমার প্রশংসা, তোমার গুণানুবাদ, তোমার সেবা, তোমার মহিমা, করিতেছি এবং তোমার মহামহিমার্থে ধন্যবাদ দিতেছি.

হে প্রভো, একমাত্র জাত পুত্র; যীশু খ্রীষ্ট; হে প্রভো ঈশ্বর, ঈশ্বরের মেষ শাবক, পিতার পুত্র, তুমি যে জগতের পাপ হরণ করিয়া থাক, আমাদের প্রতি দয়া কর. তুমি

যে জগতের পাপ হরণ করিয়া থাক, আমাদের প্রতি দয়া কর, তুমি যে জগতের পাপ হরণ করিয়া থাক, আমাদের প্রার্থনা গ্রহণ কর, তুমি যে পিতা ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে উপবিষ্ট আছ, আমাদের প্রতি দয়া কর.

কেননা তুমিই কেবল শুদ্ধ, তুমিই কেবল প্রভু, তুমিই কেবল হে খ্রীষ্ট, সদাত্মার সহিত, পিতা ঈশ্বরের মহিমাতে অতি উচ্চ আছ. আমেন্.

¶ পরে পুরোহিত [অথবা বিশপ্, যদি বর্ত্তমান থাকেন] এই আশীর্বাদ দিয়া তাহাদিগকে বিদায় করিবেন.

সকল বুদ্ধির অগম্য যে ঈশ্বরের শান্তি, তাহা তোমাদের অন্তঃকরণ ও মন ঈশ্বরের ও তাঁহার পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের জ্ঞান ও প্রেমে রক্ষা করুক, এবং সর্ব্বশক্তিমান্ ঈশ্বর পিতা, ও পুত্র, ও সদাত্মার আশীর্বাদ, তোমাদের মধ্যে হউক, এবং নিরন্তর তোমাদের সঙ্গে থাকুক. আমেন্.

¶ যে২ দিনে সহভাগ নাই, সেই২ দিনে এই সকলের মধ্যে এক কিম্বা অধিক, দান সেবার পর পাঠ করা যাইবে; এবং ধর্ম্মপরিচারকের বিবেচনানুসারে সময় বিশেষে, প্রাতের কিম্বা সন্ধ্যার প্রার্থনা, অথবা সহভাগ কিম্বা লিটানিয়ার পরও তাহার পাঠ হইতে পারে.

হে প্রভো দয়াপূর্ব্বক আমাদের এই যাচ্ঞা ও প্রার্থনায় আমাদিগকে আনুকূল্য কর, এবং অনন্ত ত্রাণ পাইবার

জন্যে তোমার সেবকদিগের পথ সুগম কর; তাহাতে এই মর্ত্ত্য জীবনের অস্থিরতা ও আকস্মিক ঘটনার মধ্যে, তোমার অত্যন্ত প্রসন্ন ও প্রস্তুত সাহায্য দ্বারা যেন তাহারা সতত রক্ষিত হয়; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নিমিত্তে ইহা কর. আমেন্.

হে সর্ব্বশক্তিমান্ প্রভো, ও নিত্যজীবি ঈশ্বর, আমরা তোমাকে বিনয় করিতেছি তুমি প্রসন্ন হইয়া তোমার ব্যবস্থার পথে, ও তোমার আজ্ঞার ক্রিয়াতে আমাদের অন্তঃকরণ ও শরীর, উভয়কে শিক্ষিত, পবিত্র ও শাসিত কর; তাহাতে যেন এক্ষণে ও সর্ব্বক্ষণে শরীরে ও আত্মাতে তোমার অতি প্রবল আশ্রয় দ্বারা রক্ষা পাই; আমাদের প্রভু ও ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টের দ্বারা ইহা হউক: আমেন্.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমরা তোমাকে নিবেদন করি প্রদান কর যে আমাদের বাহ্য কর্ণদ্বারা অদ্য যে সকল কথা আমরা শ্রবণ করিয়াছি, সে সকল তোমার প্রসাদ দ্বারা আমাদের অন্তঃকরণে এমত অন্তরে রোপিত হয়, যে তোমার নামের সম্মান ও প্রশংসার্থে আমাদের মধ্যে সদাচরণের ফল উৎপন্ন করে; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

হে পরমপ্রভো তুমি আমাদের তাবৎ কার্য্যেতে আপন অত্যন্ত প্রসন্ন অনুগ্রহ দ্বারা আমাদের অগ্রসর হও, এবং

তোমার নিত্য আনুকূল্য দ্বারা আমাদিগকে পুরোগামী কর; তাহাতে আমাদের ক্রিয়া সকল তোমাতে আরব্ধ অনুষ্ঠিত ও সমাপ্ত হইলে আমরা যেন তোমার পুণ্য নামের গৌরব করি, ও অবশেষে তোমার দয়াতে অনন্ত জীবন প্রাপ্ত হই; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, সকল জ্ঞানের আকর, যাচ্ঞা করণের পূর্ব্বে আমাদের সমস্ত অভাব, ও যাচ্ঞা করণে আমাদের অনভিজ্ঞতা, তুমি জ্ঞাত আছ; অতএব আমরা তোমাকে নিবেদন করি আমাদের দৌর্ব্বল্যের প্রতি কৃপা কর, এবং আমাদের অযোগ্যতা প্রযুক্ত যাহা চাহিতে আমরা সাহসী নহি, ও অন্ধতা প্রযুক্ত চাহিতে না পারি, তাহা তুমি প্রসন্ন হইয়া তোমার পুত্র আমাদের প্রভু যীশু খ্রীষ্টের যোগ্যতার নিমিত্তে দান কর. আমেন্.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, যাহারা তোমার পুত্রের নামে যাচ্ঞা করে, তাহাদের নিবেদন শ্রবণ করিতে তুমি অঙ্গীকার করিয়াছ; অতএব আমরা এক্ষণে যেং প্রার্থনা ও যাচ্ঞা করিয়াছি, সেই সকলেতে দয়াপূর্ব্বক কর্ণদিতে আমরা তোমাকে বিনয় করিতেছি; এবং প্রদান কর যে তোমার ইচ্ছানুসারে যাহা আমরা বিশ্বাসপূর্ব্বক যাচ্ঞা করিয়াছি, তাহা আমাদের অভাব নিবারণার্থে, ও তোমার মহিমা প্রকাশার্থে যেন সফলরূপে প্রাপ্ত হয়; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

¶ রবিবারে ও অন্যং পর্ব্বদিনে (যদি সহভাগ না থাকে.) সহভাগে যাহা নির্দ্ধারিত আছে, তৎসমুদয় [অত্রস্থ পৃথিবীতে যুধ্যমান খ্রীষ্ট সভার তাবৎ প্রকার লোকের জন্যে] এই সর্ব্বসাধারণ প্রার্থনার শেষ পর্য্যন্ত, ও অব্যবহিত পূর্ব্বোক্ত এই সাধারণ প্রার্থনা সকলের এক বা অধিক কহা যাইবে ও আশীর্ব্বাদ বাক্যে সমাপ্তি হইবে.

¶ এবং পুরোহিতের সহিত সহভাগ লইতে তাহার বিবেচনায় যথেষ্ট লোক না থাকিলে, প্রাভুবিক ভোজনের সম্পাদন হইবে না.

¶ এবং সহভাগ গ্রহণ করিতে পল্লীতে যদি বিংশতি জনের অধিক বিবেচক লোক না থাকে, তত্রাপি পুরোহিতের সহিত সহভাগ লইতে চারি, বা ন্যূনসংখ্যা তিন জন না থাকিলে সহভাগ হইবে না.

¶ এবং কাথীড্রাল ও কল্লীজিয়েট সভাসকলে, এবং কলেজে, যেখানে অনেক পুরোহিত ও সেবক থাকে, তাহারা সকলে কোন যথার্থ বাধা না থাকিলে, অন্ততঃ প্রতি রবিবারে পুরোহিতের সহিত সহভাগ গ্রহণ করিবে.

¶ এবং রুটী ও দ্রাক্ষারসের বিষয় যদি কোন লোক বিবাদ বা অবৈধ জ্ঞান করে, বা করিতে পারে, তাহা নিবারণার্থে সামান্য ভক্ষ্য রুটী ব্যবহার করিলে যথেষ্ট হইবে; কিন্তু তাহা অত্যুত্তম ও পরিষ্কৃত গোমের রুটী. যাহা অনায়াসে প্রাপ্য.

¶ এবং রুটী ও দ্রাক্ষারসের অবশিষ্ট কিছু যদি অসংস্কৃত থাকে, তাহা রক্ষক আপনার জন্যে পাইবেন; কিন্তু সংস্কৃত কিছু অবশিষ্ট থাকিলে তাহা সভার বাহিরে আনীত হইবে না, কিন্তু পুরোহিত ও যে সকল সহভাগিদিগকে তিনি ডাকিবেন, তাহারা আশীর্ব্বাদ বাক্যের পরেই তাহা সম্মান পূর্ব্বক ভোজন ও পান করিবে.

¶ সহভাগার্থে রুটী ও দ্রাক্ষারস পল্লীর ব্যয়ে, রক্ষক ও সভা নির্ব্বাহকগণ কর্ত্তৃক প্রস্তুত হইবে.

শ। এবং অবধান কর, যে পল্লীস্থ প্রত্যেক জন ন্যূন সংখ্যা তিনবার বৎসরের মধ্যে সহভাগ গ্রহণ করিবে, তন্মধ্যে পাস্কা একবার. ও প্রতি বৎসর পাস্কার সময়ে পল্লীস্থ প্রত্যেক জন পার্সন বিকার কিম্বা কুরেট কিম্বা তাহার বা তাহাদের প্রতিনিধিগণের সহিত গণনা করিবে এবং তখন ও তৎকালে দাতব্য সকল সভাসম্বন্ধীয় কর, যাহা রীত্যনুসারে দেয়, তাহাদিগকে বা তাহাকে দিবে.

ষ। ঐশ্বরিক সেবা সমাপ্ত হইলে পর দান সেবাতে দত্ত মুদ্রাদি এমত পুণ্য ও দান ধর্ম্ম বিষয়ে ব্যয় করা যাইবে যাহা ধর্ম্মপরিচারক ও সভা নির্ব্বাহকগণ উপযুক্ত বোধ করিবেন; তাহাতে যদি তাহাদের পরস্পর ভিন্নমত হয় তবে বিশপের আদেশানুসারে ব্যয় করা যাইবে.

" যেহেতুক প্রাভবিক ভোজন সম্পাদনার্থে এই বিধানে
" ইহা নিরূপিত আছে, যে সহভাগিরা হাঁটু পাতিয়া তাহা
" গ্রহণ করিবে [আর সকল যোগ্য গ্রাহকদের প্রতি খ্রীষ্ট
" কর্ত্তৃক তথায় দত্ত যে ফল লাভ তাহা আমাদের নম্র ও
" কৃতজ্ঞভাবে স্বীকার করণের এক নিদর্শনার্থে, ও হাঁটু না
" পাতিলে পুণ্য সহভাগে যে অনিয়ম ও অমান্যতা হইত,
" তাহা নিবারণার্থে এই নিরূপণ সদভিপ্রেত;] তত্রাপি
" পাছে অজ্ঞান ও দুর্ব্বলতা প্রযুক্ত, কিম্বা দ্বেষ, বা এক-
" গুঁয়ামি প্রযুক্ত, কোন লোক কর্ত্তৃক এই হাঁটু পাতন অর্থা-
" ন্তরে ব্যাখ্যাত এবং গৃহীত হয়; ইহাদ্বারা এই জ্ঞাপন
" করা যাইতেছে, যে তাহাতে শরীর দ্বারা গৃহীত যে সংস্কা-
" রান্বিত রুটী ও দ্রাক্ষারস, কিম্বা খ্রীষ্টের প্রকৃত মাংস ও
" রক্তের শারীরিক বর্ত্তমানতার প্রতি কোন ভজনা করা যায়
" না, ও কর্ত্তব্যও নহে. কারণ সংস্কারান্বিত রুটী ও দ্রাক্ষা-

" রস এখনও আপন সত্য প্রকৃত বস্তুতে থাকে.; অতএব
" পূজ্য নহে, [কারণ তাহা সকল বিশ্বাসি খ্রীষ্টীয়.লোক-
" দের ঘৃণার্হ প্রতিমা পূজা হয়;] এবং আমাদের ত্রাণকর্ত্তা
" খ্রীষ্টের প্রকৃত শরীর ও রক্ত স্বর্গেতে আছে এস্থানে নাই,
" কেননা এক সময়ে একাধিক স্থানে স্থিতি, খ্রীষ্টের প্রকৃত
" শরীরের সত্যতার বিরোধী হয়.

জলকে পাপের নিগূঢ় প্রক্ষালনার্থে পবিত্র করিয়াছ; অতএব আমরা তোমার অসীম দয়ার হেতু নিবেদন করিতেছি যে তুমি দয়াপূর্ব্বক এই শিশুর উপর অবলোকন কর, ইহাকে ধৌত ও সদাত্মা দ্বারা পবিত্র কর; তাহাতে যেন তোমার ক্রোধ হইতে রক্ষা পাইয়া খ্রীষ্ট সভার তরীতে গৃহীত হয়; এবং বিশ্বাসে স্থির, প্রত্যাশাতে আনন্দিত, ও প্রেমেতে বদ্ধমূল হইয়া, এই ক্লেশদায়ক সংসারের তরঙ্গ হইতে এমতরূপে উত্তীর্ণ হয়, যে শেষে অনন্ত জীবনের ভূমীতে পঁহুছিয়া, তথায় তোমার সহিত অনন্তকাল পর্য্যন্ত রাজত্ব করে, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

হে সর্ব্বশক্তিমান্ ও অমর ঈশ্বর, তুমি দীনহীন সকলের উপায়, তোমার শরণাগত সকলের সহায়, বিশ্বাসিদের জীবন এবং মৃতদের পুনরুত্থান; অতএব আমরা তোমার নিকটে এই শিশুর নিমিত্তে বিনতি করিতেছি, যেন এ তোমার পুণ্য বাপ্তিস্মে আসিয়া পারমার্থিক পুনর্জন্ম দ্বারা আপন পাপের মোচন প্রাপ্ত হয়. হে পরমপ্রভো ইহাকে গ্রহণ কর, যেমন তোমার পরম প্রিয় পুত্র দ্বারা অঙ্গীকার করত কহিয়াছ, যে প্রার্থনা কর, তবে পাইবা, অন্বেষণ কর, তবে উদ্দেশ পাইবা, ঘা দেও, তবে তোমাদের প্রতি মুক্ত হইবে; অতএব আমরা যে এক্ষণে প্রার্থনা করিতেছি, আমাদিগকে দেও, আমরা যে অন্বেষণ করিতেছি, আমাদিগকে উদ্দেশ পাইতে দেও, আমরা যে ঘা দিতেছি, আমাদের প্রতি দ্বার মুক্ত কর, তাহাতে যেন এই শিশু

তোমার স্বর্গীয় প্রক্ষালনের অনন্ত আশীর্ব্বাদ ভোগ করে এবং আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা তোমাকর্ত্তৃক অঙ্গীকৃত নিত্যস্থায়ি রাজ্যে আইসে. আমেন্.

¶ পরে লোকেরা দণ্ডায়মান হইলে, পুরোহিত ইহা কহিবেন.

সাধু মার্ক লিখিত সুসমাচারের দশম অধ্যায়ের, ত্রয়োদশ পদ অবধি যে বাক্য, তাহা শুন.

তাহারা শিশুদিগকে তাঁহার নিকটে আনিল, যেন তিনি তাহাদিগকে স্পর্শ করেন; কিন্তু শিষ্যেরা তাহাদের আনয়নকারিদিগকে অনুযোগ করিল. কিন্তু য়ীশু তাহা দেখিয়া অতি অসন্তুষ্ট হইলেন, ও তাহাদিগকে কহিলেন, শিশুদিগকে আমার নিকটে আসিতে দেও ও তাহাদিগকে নিষেধ করিও না; কেননা ঈশ্বরের রাজ্য এইমতদের হয়. আমি তোমাদিগকে যথার্থ কহিতেছি, যেকেহ শিশুর ন্যায় ঈশ্বরের রাজ্য গ্রহণ না করে; সে তাহাতে প্রবেশ করিবে না. পরে তিনি তাহাদিগকে ক্রোড়ে করিয়া তাহাদের উপর হস্ত দিয়া তাহাদিগকে আশীর্ব্বাদ করিলেন.

¶ সুসমাচার পাঠ হইলে, ধর্ম্মপরিচারক সুসমাচারের বাক্যবিষয়ে এই সংক্ষেপ উপদেশ দিবেন,

হে প্রিয়েরা তোমরা এই সুসমাচারে আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্টের কথা শুনিতেছ, যে তিনি আপন নিকটে শিশুদিগকে

আনিতে আজ্ঞা দিয়াছিলেন; কেমন তাহাদের নিবারকদিগকে অনুযোগ করিয়াছিলেন; কেমন তাহাদের নির্দোষিতানুযায়ী হইতে সকল মনুষ্যদিগকে উপদেশ দেন. তোমরা দেখিতেছ কেমন তিনি আপন বাহু ভঙ্গি ও ক্রিয়াদ্বারা তাহাদের প্রতি আপন প্রসন্নতা প্রকাশিলেন; যেহেতুক তিনি তাহাদিগকে আপন বাহু দ্বারা আলিঙ্গন করিলেন, তাহাদের উপর হস্ত দিলেন ও তাহাদিগকে আশীর্ব্বাদ করিলেন. অতএব তোমরা সন্দিগ্ধ হইও না, কিন্তু দৃঢ়রূপে বিশ্বাস কর, যে তিনি এই উপস্থিত শিশুকেও তদ্রূপ অনুগ্রহপূর্ব্বক গ্রহণ করিবেন, ও যে তিনি ইহাকে আপন দয়ার বাহুদ্বারা আলিঙ্গন করিবেন, ও যে তিনি ইহাকে অনন্ত জীবনের আশীর্ব্বাদ দিবেন এবং তাঁহার নিত্যস্থায়ি রাজ্যের অধিকারী করিবেন. অতএব এই শিশুর প্রতি য়ীশু খ্রীষ্টদ্বারা প্রকাশিত আমাদের স্বর্গীয় পিতার অনুগ্রহ এইরূপে নিশ্চয় জানিয়া, এবং তাঁহার পুণ্য বাপ্তিস্মেতে এই শিশুর আনয়ন যে আমাদের এই স্নেহান্বিত কর্ম্ম, তাহাতে তিনি অনুগ্রহপূর্ব্বক সম্মত আছেন, ইহা সন্দেহ না করিয়া আইস আমরা বিশ্বাস ও ভক্তিপূর্ব্বক তাঁহার ধন্যবাদ করত কহি.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যস্থায়ি ঈশ্বর, স্বর্গীয় পিতঃ, আমরা নম্রতাপূর্ব্বক তোমার ধন্যবাদ করিতেছি, যেহেতুক তুমি আমাদিগকে তোমার প্রসাদের জ্ঞানে ও তোমার উপর বিশ্বাসে প্রসন্ন হইয়া আহ্বান করিয়াছ; সর্ব্বদা আমাদের মধ্যে এই জ্ঞান বর্দ্ধন কর, এই প্রত্যয় দৃঢ় কর, ও এই শিশুকে আপন সদাত্মা প্রদান কর, যেন এ পুনর্জ্জাত

ও নিত্যস্থায়ি ত্রাণের অধিকারী হয়, আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা যিনি এখন ও নিরন্তর তোমার ও সদাত্মার সহিত জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

¶ পরে পুরোহিত ধর্ম্মপিতা ও ধর্ম্মমাতাদিগকে এইরূপ কহিবেন.

হে অতি প্রিয়েরা, তোমরা এই শিশুকে বাপ্তিস্মিত হইবার জন্যে এই স্থানে আনিয়াছ, তোমরা প্রার্থনা করিয়াছ, যেন আমাদের প্রভু যীশু খ্রীষ্ট প্রসন্ন হইয়া ইহাকে গ্রহণ করেন, ইহাকে পাপ হইতে মুক্ত করেন, ইহাকে সদাত্মা দ্বারা পবিত্র করেন, ও ইহাকে স্বর্গীয় রাজ্য এবং নিত্যস্থায়ি জীবন দেন. আরো তোমরা শুনিয়াছ যে যে সকলের নিমিত্তে প্রার্থনা করিয়াছ, তাহা প্রদান করিতে আমাদের প্রভু যীশু খ্রীষ্ট আপন সুসমাচারে অঙ্গীকার করিয়াছেন; সে অঙ্গীকার তিনি আপনার পক্ষে অত্যবশ্য রাখিবেন ও সম্পূর্ণ করিবেন. অতএব এই অঙ্গীকার খ্রীষ্ট কর্ত্তৃক কৃত হইলে পর, এই শিশুকেও ইহার পক্ষে ইহার প্রতিনিধি যে তোমরা তোমাদের দ্বারা বিশ্বস্তরূপে অঙ্গীকার করিতে হইবে [যদবধি এ আপনার উপরে তাহা লইতে বয়ঃপ্রাপ্ত না হয়] যে এ শয়তান, ও তাহার ক্রিয়া সকল পরিত্যাগ করিবে, এবং ঈশ্বরের পুণ্য বাক্য দৃঢ়রূপে বিশ্বাস করিবে ও তাঁহার আজ্ঞা সকল অধীনতা পূর্ব্বক পালন করিবে.

অতএব আমি পুশ্ন করি.

তুমি কি এই শিশুর নামে শয়তান, ও তাহার ক্রিয়া সকল, ও জগতের অনর্থক আড়ম্বর, ও গৌরব, ও তাহার লোভেচ্ছা সকল, ও শারীরিক কামাভিলাষ, এমত ত্যাগ করিবা, যে তাহাদের পশ্চাদ্গামী হইবা না, ও তাহাতে স্বীকৃত হইবা না?

উত্তর. এই সকল আমি পরিত্যাগ করি.

ধর্ম্মপরিচারক.

স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্ত্তা সর্ব্বশক্তিমান্ পিতা ঈশ্বরেতে কি তুমি বিশ্বাস কর?

এবং তাঁহার একমাত্র জাত পুত্র আমাদের পুভু য়ীশু খ্রীষ্টে; এবং তিনি যে সদাত্মার দ্বারা গর্ভস্থ হইয়া মরীয়া কুমারী হইতে জন্মিলেন; তিনি যে পন্তিয়স পীলাতের অধীনে দুঃখভোগ করিলেন, ক্রুশার্পিত মৃত ও পোতিত হইলেন; তিনি যে পরলোকে নামিলেন, এবং তৃতীয় দিবসে পুনর্ব্বার উঠিলেন; তিনি যে স্বর্গে আরোহণ করিলেন, এবং সর্ব্বশক্তিমান্ পিতা ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে বসিয়া আছেন; এবং তিনি যে জগতের শেষে জীবিত ও মৃতদের বিচার করিতে পুনরায় আসিবেন?

তুমি কি সদাত্মাতে বিশ্বাস কর? এবং পুণ্য সার্ব্বসভাতে, সাধুদের সম্মতিতে, পাপমোচনেতে, মাংসের পুনরুত্থানে এবং মৃত্যুর পর অনন্ত জীবনে; এই সকলেতে কি তুমি বিশ্বাস কর?

উত্তর. এই সকলেতে আমি দৃঢ়রূপে বিশ্বাস করি.

ধর্ম্মপরিচারক.

এই বিশ্বাসে কি তুমি বাপ্তিস্মিত হইতে চাহ?

উত্তর. এই আমার বাঞ্ছা.

ধর্ম্মপরিচারক.

তবে কি তুমি ঈশ্বরের পুণ্যেচ্ছা, ও আজ্ঞা সকল বশ্য-ভাবে পালন করিবা, ও যাবজ্জীবন তদনুসারে ব্যবহার করিবা?

উত্তর. আমি তাহা করিব.

পরে পুরোহিত কহিবেন.

হে দয়ালু ঈশ্বর প্রদান কর, যে এই শিশুতে পুরাতন আদম এমত পোতিত হয়, যে ইহাতে নূতন মানুষ উঠে. আমেন্.

প্রদান কর যে ইহাতে সমস্ত শারীরিক অভিলাষ মরিয়া যায় এবং আত্মসম্বন্ধীয় সমস্ত বিষয় ইহাতে জীবিত ও বর্দ্ধিত হয়. আমেন্.

প্রদান কর যে শয়তান, ও জগৎ, ও ইন্দ্রিয়ের বিরুদ্ধে জয় ও জয়োল্লাস করিতে, ইহার পরাক্রম ও বল হয়. আমেন্.

প্রদান কর যে যে কেহ এখানে আমাদের কর্ম্ম ও পরি-চর্য্যাদ্বারা তোমার প্রতি উৎসর্গ হয়, সে যেন স্বর্গীয় গুণেতেও পরিহিত এবং চিরকাল পুরস্কৃত হয়, হে ধন্য প্রভু ঈশ্বর, তুমি যে অনন্তকালপর্য্যন্ত জীবিত থাক, এবং সকল বস্তুর শাসন কর, তোমার দয়াতে ইহা হউক. আমেন্.

হে সর্ব্বশক্তিমান্ নিত্যজীবি ঈশ্বর, তোমার অতি প্রিয়তম পুত্র যীশু খ্রীষ্ট আমাদের পাপ ক্ষমার জন্যে, আপন অতি বহুমূল্য পার্শ্ব হইতে জল ও রক্ত পাত করিলেন, এবং আপন শিষ্যদিগকে আজ্ঞা দিলেন, যে তাহারা গিয়া সর্ব্বজাতিদিগকে শিক্ষায়, ও পিতা, ও পুত্র, ও সদাত্মার নামে তাহাদিগকে বাপ্তিস্ম করে; আমরা তোমাকে বিনয় করি, এই সভাস্থ লোকের নিবেদন অবধান কর, এবং এই জল পাপের নিগূঢ় প্রক্ষালনার্থে পবিত্র কর, এবং প্রদান কর, যে ইহাতে এক্ষণে বাপ্তিস্মিতব্য এই শিশু তোমার প্রসাদের পূর্ণতা পায় ও চিরকাল তোমার ভক্ত ও মনোনীত সন্তানগণের মধ্যে স্থির থাকে; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

¶ পরে পুরোহিত শিশুকে আপন হস্তে লইয়া ধর্ম্মপিতা ও ধর্ম্মমাতাদিগকে কহিবেন.

এই শিশুর নাম রাখ.

¶ তৎপরে তাহাদের কথানুযায়ি নাম রাখিয়া, যদি তাহারা তাহাকে নিশ্চয় জানায় যে শিশু উত্তমরূপে সহ্য করিতে পারে, তবে সাবধান ও সতর্কতা পূর্ব্বক, ইহা কহত জলে ডুবাইবেন.

*** আমি তোমাকে পিতা, ও পুত্র, ও সদাত্মার নামে বাপ্তিস্ম করিতেছি. আমেন্.

¶ কিন্তু যদি তাহারা নিশ্চয় জানায় যে শিশু দুর্ব্বল আছে, তবে পূর্ব্বলিখিত বাক্যোচ্চারণ পূর্ব্বক তাহার উপর জল ঢালিলেই যথেষ্ট হইবে.

*** আমি তোমাকে পিতা, ও পুত্র, ও সদাত্মার নামে বাপ্তিস্ম করিতেছি. আমেন্.

¶ পরে পুরোহিত কহিবেন.

আমরা এই শিশুকে খ্রীষ্ট পালের সমাজ মধ্যে গ্রহণ করি, * এবং ক্রুশের চিহ্নে ইহাকে চিহ্নিত করি, এই সূচনার্থে যে ইনি ইহার পরে ক্রুশার্পিত খ্রীষ্টের বিশ্বাস স্বীকার করিতে, ও পাপ, ও জগৎ, ও শয়তানের বিরুদ্ধে তাঁহার ধ্বজাতলে পৌরুষপূর্ব্বক যুদ্ধ করিতে, ও জীবনের শেষপর্য্যন্ত খ্রীষ্টের বিশ্বস্ত যোদ্ধা ও সেবক থাকিতে, লজ্জিত না হন. আমেন্.

* এই স্থানে পুরোহিত শিশুর কপালে ক্রুশের চিহ্ন করিবেন.

¶ পরে পুরোহিত কহিবেন.

হে অতি প্রিয় ভ্রাতৃগণ, এখন এই শিশু পুনর্জাত হইল ও খ্রীষ্ট সভার শরীরে গ্রথিত হইল, অতএব আইস আমরা এই সকল উপকারের নিমিত্তে, সর্ব্বশক্তিমান্ ঈশ্বরকে ধন্যবাদ করি, ও একমনা হইয়া তাঁহার নিকটে প্রার্থনা করি যেন এ শিশু এইআরম্ভানুসারে জীবনের অবশিষ্ট কাল আচরণ করে.

¶ পরে সকলে হাঁটু পাড়িলে, ইহা কহা যাইবে.

হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যেও হউক: আমাদের দিবসিক রুটী এই দিবসে আমাদিগকে দেও; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি; তেমনি আমাদেরও অপরাধ সকল ক্ষমা কর; আর আমাদিগকে পরীক্ষায় আনিও না কিন্তু মন্দ হইতে রক্ষা কর; যেহেতু তোমারই রাজ্য ও পরাক্রম ও মহিমা সদা সর্ব্বদা আছে. আমেন্.

¶ পরে পুরোহিত কহিবেন.

হে অতি দয়ালু পিতঃ, আমরা তোমাকে সান্তঃকরণে ধন্যবাদ করিতেছি যে তুমি প্রসন্ন হইয়া এই শিশুকে তোমার সদাত্মা দ্বারা পুনর্জ্জাত করিলা ও পোষ্যপুত্রভাবে ইহাকে আপন সন্তান করিয়া গ্রহণ করিলা এবং ইহাকে তোমার পুণ্য সভার সংযুক্ত অঙ্গ করিলা; আর আমরা বিনয় পূর্ব্বক তোমাকে ইহা প্রদান করিতে নিবেদন করিতেছি, যেন এ পাপের বিষয়ে মৃত ও ধর্ম্মের বিষয়ে জীবিত ও খ্রীষ্টের সহিত তাঁহার মরণে পোতিত হইয়া পুরাতন মানুষকে ক্রুশার্পণ করে ও পাপের সমুদায় শরীরকে নিতান্ত বিনাশ করে; এবং যেমন এ তোমার পুত্রের মরণের ভাগী হইয়াছে, তেমনি যেন তাঁহার পুনরুত্থানেরও ভাগী হয়; তাহাতে যেন শেষে তোমার পুণ্য সভার অবশিষ্টের সহিত

তোমার অনন্ত রাজ্যের অধিকারী হয়; আমাদের প্রভু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

¶ পরে সকলে দণ্ডায়মান হইলে, পুরোহিত ধর্ম্মপিতা ও ধর্ম্মমাতাদিগকে পশ্চাল্লিখিত এই উপদেশ দিবেন.

যেহেতুক এই শিশু ইহার প্রতিনিধি যে তোমরা তোমাদের দ্বারা প্রতিজ্ঞা করিয়াছে যে শয়তান, ও তৎক্রিয়া সকল পরিত্যাগ করিবে, এবং ঈশ্বরে বিশ্বাস রাখিবে, ও তাঁহার সেবা করিবে; অতএব তোমাদের মনে রাখিতে হইবে, যে ইহা তোমাদের উচিত ও কর্ত্তব্য কর্ম্ম যে এই শিশু তোমাদের দ্বারা এখানে কেমন গুরুতর দিব্য, প্রতিজ্ঞা ও স্বীকার করিয়াছে, তাহা শিক্ষিতে সমর্থ হইলে ইহাকে শিক্ষাইতে যত্ন কর. আরো যেন এ উত্তমরূপে এই সকল বিষয় জ্ঞাত হয়, এতদর্থে ইহাকে উপদেশবাক্য শুনিতে আজ্ঞা করিবা, ও বিশেষতঃ তোমরা সচেষ্ট হইবা, যে ইতর ভাষাতে এ প্রতীতিবাক্য, প্রভুর প্রার্থনা, ও দশাজ্ঞা, ও যাহা২ আত্মার স্বাস্থ্যের নিমিত্তে খ্রীষ্টীয়ানের জানিবার ও প্রত্যয় করিবার আবশ্যক, তাহা শিক্ষা করে; এবং যেন এই শিশু ঈশ্বরীয় ও খ্রীষ্টীয় আচার ব্যবহার করিতে ধার্ম্মিকতারূপে প্রতিপালিত হয়; কেননা সর্ব্বদা স্মরণে রাখিতে হয় যে বাপ্তিস্ম আমাদের স্বীকারের নিদর্শন; যথা, আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্টের দৃষ্টান্তানুগমন করা ও তাঁহার সদৃশীকৃত হওয়া; তাহাতে তিনি যেমন মৃত হইয়া

পুনরায় উঠিয়াছিলেন, তেমনি বাপ্তিস্মিত আমরা যেন পাপের বিষয়ে মৃত হওত পুণ্যের বিষয়ে পুনরায় উঠি, অর্থাৎ আমরা যেন আপনাদের মন্দ ও কুঅভিলাষ সকল সর্ব্বদা ধ্বংস করি ও প্রতিদিন ধর্ম্ম ও পুণ্য আচরণে চলি.

¶ পরে তিনি আরও কহিয়া বলিবেন.

তোমাদিগকে মনোযোগ করিতে হইবে, যেন এই শিশু বিশপের নিকটে তৎকর্ত্তৃক নির্দ্ধারিত হওনার্থে আনীত হয়, যখন চলিত ভাষাতে, প্রতীতিবাক্য ও প্রভুর প্রার্থনা, ও দশাজ্ঞা কহিতে পারিবে, ও তন্নিমিত্তে প্রকাশিত সভার প্রশ্নোত্তরেতে আরো শিক্ষিত হইবে.

ঈশ্বরের বাক্যদ্বারা নিশ্চয় হইতেছে যে বাপ্তিস্মিত শিশুরা স্বকৃত পাপ করণের পূর্ব্বে মৃত হইলে নিঃসন্দেহ ত্রাণ পায়.

বাপ্তিস্মে ক্রুশ চিহ্নের ব্যবহার বিষয়ক সমস্ত সন্দেহ হরণার্থে উহার সত্য অর্থ ও উহা রাখিবার যথার্থ কারণ ৩০ কানোন যাহা ১৬০৪ প্রথম মুদ্রাঙ্কিত হয় তাহাতে পাওয়া যাইবে.

বাটীতে

শিশুদের

অসাধারণ

বাপ্তিস্মের বিধান.

¶ প্রত্যেক পল্লীর রক্ষকেরা লোকদিগকে পুনঃ২ উপদেশ দিবেন, যে রক্ষক সম্মত কোন মহৎ ও প্রকৃত কারণ ব্যতিরেকে তাহারা আপন২ শিশুদের বাপ্তিস্ম জন্মের পর প্রথম বা দ্বিতীয় রবিবার, কিম্বা তন্মধ্যে উপস্থিত কোন উৎসব দিবসের অতিরিক্ত বিলম্ব না করে.

¶ আরো তাহারা তাহাদিগকে সাবধান করিবে, যেন ঐরূপ মহৎ কারণ বা আবশ্যকতা ব্যতিরেকে, তাহারা আপন বাটীতে শিশুদিগকে বাপ্তিস্মিত না করায়, কিন্তু নিতান্ত আবশ্যক হইলে, এই রীত্যনুসারে বাপ্তিস্মিত করা যাইবে.

¶ প্রথমতঃ পল্লীর ধর্ম্মপরিচারক [বা তাঁহার অবর্ত্তমানে যে কোন নিযোজিত ধর্ম্মপরিচারক প্রাপ্য হয়, তিনি] উপস্থিত লোকদের সহিত ঈশ্বরের উদ্দেশে নিবেদন করত, প্রভুর প্রার্থনা এবং সাধারণ বাপ্তিস্ম বিধানে নির্দ্ধারিত যে২ তাহারমধ্যে কাল এবং বর্ত্তমান আবশ্যকতানুসারে যত পারেন পাঠ করিবেন. পরে উপস্থিত কোন লোক কর্ত্তৃক শিশুর নাম রাখা হইলে ধর্ম্মপরিচারক ইহা কহত তাহার উপর জল ঢালিবেন.

*** আমি তোমাকে পিতা, ও পুত্র, ও সদাত্মার নামে, বাপ্তিস্ম করিতেছি. আমেন্.

¶ পরে সকলে হাঁটু পাতিলে ধর্ম্মপরিচারক ঈশ্বরের ধন্যবাদ করত কহিবেন.

হে অতি দয়ালু পিতঃ, আমরা তোমাকে সান্তঃকরণে ধন্যবাদ করিতেছি, যে তুমি প্রসন্ন হইয়া এই শিশুকে তোমার সদাত্মা দ্বারা পুনর্জাত করিলা ও পোষ্যপুত্রভাবে ইহাকে আপন সন্তান করিয়া গ্রহণ করিলা, এবং ইহাকে তোমার পুণ্য সভার সংযুক্ত অঙ্গ করিলা, আর আমরা বিনয় পূর্ব্বক তোমাকে ইহা প্রদান করিতে নিবেদন করিতেছি, যে যেমন এ এখন তোমার পুত্রের মরণের ভাগী হইল, তেমনি যেন তাঁহার পুনরুত্থানেরও ভাগী হয়; তাহাতে যেন শেষে তোমার সাধুগণের অবশিষ্টের সহিত তোমার অনন্ত রাজ্যের অধিকারী হয়; তোমার ঐ পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

¶ তাহারা নিঃসন্দেহে থাকুক, যে এইরূপ বাপ্তিস্মিত শিশু অবস্থানুসারে ও সম্পূর্ণরূপে বাপ্তিস্মিত হয়, ও তাহার পুনর্ব্বার বাপ্তিস্মিত হওয়া উচিত নহে, তথাপি এই রীত্যনুসারে বাপ্তিস্মিত শিশু যদি পরে বাঁচে, তবে তাহাকে সভাতে আনয়ন করা উপযুক্ত, তাহাতে যদি পল্লীর ধর্ম্মপরিচারক ঐ শিশুকে আপনি বাপ্তিস্মিত করিয়া থাকেন, তবে তৎকর্ত্তৃক অপ্রকাশরূপে ব্যবহৃত যে বাপ্তিস্মের সত্যবিধান, তাহা যেন সভাস্থলোক নিশ্চয় জানে: এমত হইলে তিনি ঈদৃশ কহিবেন.

আমি তোমাদিগকে নিশ্চয় জানাইতেছি যে সভার উপযুক্ত ও নিয়মিত বিধানানুসারে অমুক সময়ে অমুক স্থানে কএক সাক্ষির সম্মুখে এই শিশুকে আমি বাপ্তিস্ম করিয়াছি.

¶ কিন্তু যদি শিশু অন্য কোন নিয়োজিত ধর্ম্মপরিচারক কর্ত্তৃক বাপ্তিস্মিত হইয়া থাকে, তবে যেখানে শিশুর জন্ম, (বা খ্রীষ্টীয়করণ) হইয়াছিল, তৎপল্লীর ধর্ম্মপরিচারক পরীক্ষা করিয়া দেখিবেন, যে শিশু যবস্থানুসারে বাপ্তিস্মিত হইয়াছে কি না. এমত হইলে যাহারা সভাতে কোন শিশুকে আনে, তাহারা যদি উত্তর করে যে সে শিশু বাপ্তিস্মিত হইয়াছে, তবে ধর্ম্মপরিচারক ইহা কহত তাহাদিগকে আরো প্রশ্ন করিবেন.

এই শিশু কাহাকর্ত্তৃক বাপ্তিস্মিত হইয়াছিল?

এই শিশুর বাপ্তিস্মের সময়ে কে উপস্থিত ছিল?

যেহেতুক এমত বিপত্তি সময়ে, ভয় কিম্বা ত্বরা প্রযুক্ত, এই সংস্কারের আবশ্যক কোন২ বিষয় অনিষ্পন্ন হইতে পারে, অতএব আমি তোমাদিগকে আরো প্রশ্ন করিতেছি.

কি বস্তুতে এই শিশু বাপ্তিস্মিত হইয়াছিল?

কি২ কথাতে এই শিশু বাপ্তিস্মিত হইয়াছিল?

¶ এবং যদি শিশুর আনয়নকারিদের উত্তর দ্বারা ধর্ম্মপরিচারক অবগত হন, যে কর্ত্তব্যানুসারে তাবৎ নিষ্পন্ন হইয়াছে; তবে তিনি শিশুকে পুনরায় খ্রীষ্টীয় কৃত করিবেন না, কিন্তু সত্য খ্রীষ্টীয় লোকের পালমধ্যে এক জনের স্বরূপ তাহাকে এইমত কহত গ্রহণ করিবেন.

আমি তোমাদিগকে নিশ্চয় জানাইতেছি, যে এই শিশুর বাপ্তিস্ম বিষয়ে তাবৎ উত্তমরূপে ও উপযুক্ত বিধানানুসারে নিষ্পন্ন হইয়াছে; এবং এ আদ্য পাপে ও ঈশ্বরের ক্রোধে জন্মিয়া, এখন বাপ্তিস্মে পুনর্জন্মের স্নানপাত্র দ্বারা ঈশ্বরের সন্তান ও নিত্যস্থায়ি জীবনের অধিকারিদের

মধ্যে গৃহীত হইয়াছে; কেননা আমাদের প্রভু যীশু খ্রীষ্ট এমন শিশুদিগকে, আপন প্রসাদ ও দয়া অস্বীকার করেন না, কিন্তু তাহাদিগকে অতিস্নেহপূর্ব্বক আপনার নিকট আহ্বান করেন, যথা পুণ্য সুসমাচার আমাদের সান্ত্বনার নিমিত্তে এইরূপে সাক্ষ্য দেয়.

সাধু মার্ক ১০. ১৩.

তাহারা শিশুদিগকে তাঁহার নিকটে আনিল, যেন তিনি তাহাদিগকে স্পর্শ করেন; কিন্তু শিষ্যেরা তাহাদের আনয়নকারিদিগকে অনুযোগ করিল. কিন্তু যীশু তাহা দেখিয়া অতি অসন্তুষ্ট হইলেন, ও তাহাদিগকে কহিলেন, শিশুদিগকে আমার নিকটে আসিতে দেও ও তাহাদিগকে নিষেধ করিও না; কেননা ঈশ্বরের রাজ্য এইমতদের হয়. আমি তোমাদিগকে যথার্থ কহিতেছি, যে কেহ শিশুর ন্যায় ঈশ্বরের রাজ্য গ্রহণ না করে, সে তাহাতে প্রবেশ করিবে না. পরে তিনি তাহাদিগকে ক্রোড়ে করিয়া তাহাদের উপর হস্ত দিয়া তাহাদিগকে আশীর্ব্বাদ করিলেন.

¶ সুসমাচার পাঠ হইলে, ধর্ম্মপরিচারক সুসমাচারের বাক্যবিষয়ে এই সংক্ষেপ্ত উপদেশ দিবেন.

হে প্রিয়েরা তোমরা এই সুসমাচারে আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্টের কথা শুনিতেছ, যে তিনি আপন নিকটে শিশুদিগকে

আনিতে আজ্ঞা দিয়াছিলেন; কেমন তাহাদের নিবারকদিগকে অনুযোগ করিয়াছিলেন; কেমন তাহাদের নির্দোষিতানুযায়ী হইতে সকল মনুষ্যদিগকে উপদেশ দেন. তোমরা দেখিতেছ কেমন তিনি আপন বাহু ভঙ্গি ও ক্রিয়াদ্বারা তাহাদের প্রতি আপন প্রসন্নতা প্রকাশিলেন; যেহেতুক তিনি তাহাদিগকে আপন বাহু দ্বারা আলিঙ্গন করিলেন, তাহাদের উপর হস্ত দিলেন ও তাহাদিগকে আশীর্ব্বাদ করিলেন. অতএব তোমরা সন্দিগ্ধ হইও না, কিন্তু দৃঢ়রূপে বিশ্বাস কর, যে তিনি এই উপস্থিত শিশুকেও তদ্রূপ অনুগ্রহপূর্ব্বক গ্রহণ করিয়াছেন, ও যে তিনি ইহাকে আপন দয়ার বাহুদ্বারা আলিঙ্গন করিয়াছেন, ও আপন পুণ্যবাক্যেতে যদ্রূপ অঙ্গীকার করিয়াছেন তদনুসারে তিনি ইহাকে অনন্ত জীবনের আশীর্ব্বাদ দিবেন, এবং তাঁহার নিত্যস্থায়ি রাজ্যের অধিকারী করিবেন. অতএব এই শিশুর প্রতি য়ীশু খ্রীষ্টদ্বারা প্রকাশিত আমাদের স্বর্গীয় পিতার অনুগ্রহ এইরূপে নিশ্চয় জানিয়া, আইস আমরা বিশ্বাস ও ভক্তিপূর্ব্বক তাঁহার ধন্যবাদ করি, ও যে প্রার্থনা প্রভু আপনি আমাদিগকে শিক্ষাইয়াছেন তাহা কহি.

হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যেও হউক: আমাদের দিবসিক রুটী এই দিবসে আমাদিগকে দেও; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি; তেমনি আমাদেরও অপরাধ সকল ক্ষমা কর; আর আমাদিগকে পরীক্ষায়

আনিও না, কিন্তু মন্দ হইতে রক্ষা কর ; যেহেতু তোমারই রাজ্য ও পরাক্রম ও মহিমা সদা সর্ব্বদা আছে. আমেন্.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যস্থায়ি ঈশ্বর, স্বর্গীয় পিতঃ, আমরা নম্রতাপূর্ব্বক তোমার ধন্যবাদ করিতেছি, যেহেতুক তুমি আমাদিগকে তোমার প্রসাদের জ্ঞানে ও তোমার উপর বিশ্বাসে, প্রসন্ন হইয়া আহ্বান করিয়াছ ; সর্ব্বদা আমাদের মধ্যে এই জ্ঞান বর্দ্ধন কর, ও এই প্রত্যয় দৃঢ়কর. এই শিশুকে আপন সদাত্মা প্রদান কর, যেন আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা পুনর্জ্জাত ও নিত্যস্থায়ি ত্রাণের অধিকারী কৃত এ সতত তোমার দাস হইয়া থাকে, ও তোমার অঙ্গীকার প্রাপ্ত হয় ; সেই আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট তোমার পুত্র দ্বারা, যিনি এখন ও নিরন্তর তোমার ও সদাত্মার সহিত জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

¶ পরে পুরোহিত শিশুর নাম জিজ্ঞাসা করিবেন, তাহা ধর্ম্মপিতা ও ধর্ম্মমাতা কর্ত্তৃক কথিত হইলে, ধর্ম্মপরিচারক কহিবেন.

তুমি কি এই শিশুর নামে শয়তান, ও তাহার ক্রিয়া সকল, ও এই জগতের অনর্থক আড়ম্বর, ও গৌরব, ও তাহার লোভেচ্ছা সকল, ও শারীরিক কামাভিলাষ, এমত ত্যাগ করিবা, যে তাহাদের পশ্চাদ্গামী হইবা না, ও তাহাতে স্বীকৃত হইবা না.?

উত্তর. এই সকল আমি পরিত্যাগ করি.

ধর্ম্মপরিচারক.

স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্ত্তা সর্ব্বশক্তিমান্ পিতা ঈশ্বরেতে কি তুমি বিশ্বাস কর?

এবং তাঁহার একমাত্র জাত পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টে; এবং তিনি যে সদাত্মার দ্বারা গর্ভস্থ হইয়া মরীয়া কুমারী হইতে জন্মিলেন; তিনি যে পন্তিয়স পীলাতের অধীনে দুঃখভোগ করিলেন, ক্রুশার্পিত মৃত ও পোতিত হইলেন; তিনি যে পরলোকে নামিলেন, এবং তৃতীয় দিবসে পুনর্ব্বার উঠিলেন; তিনি যে স্বর্গে আরোহণ করিলেন, এবং সর্ব্বশক্তিমান্ পিতা ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে বসিয়া আছেন; এবং তিনি যে জগতের শেষে জীবিত ও মৃতদের বিচার করিতে পুনরায় আসিবেন?

তুমি কি সদাত্মাতে বিশ্বাস কর? এবং পুণ্য সার্ব্বসভাতে, সাধুদের সম্মতিতে, পাপমোচনেতে, মাংসের পুনরুত্থানে এবং মৃত্যুর পর অনন্ত জীবনে, এই সকলেতে কি তুমি বিশ্বাস কর?

উত্তর. এই সকলেতে আমি দৃঢ়রূপে বিশ্বাস করি.

ধর্ম্মপরিচারক.

তবে কি তুমি ঈশ্বরের পুণ্যেচ্ছা, ও আজ্ঞা সকল বশ্যভাবে পালন করিবা, ও যাবজ্জীবন তদনুসারে ব্যবহার করিবা,

উত্তর. আমি তাহা করিব.

¶ পরে পুরোহিত কহিবেন.

আমরা এই শিশুকে খ্রীষ্ট পালের সমাজ মধ্যে গ্রহণ করি,* এবং ক্রুশের চিহ্নে ইহাকে চিহ্নিত করি, এই সূচনার্থে যে ইনি ইহার পরে ক্রুশার্পিত খ্রীষ্টের বিশ্বাস স্বীকার করিতে, ও পাপ, ও জগৎ, ও শয়তানের বিরুদ্ধে তাঁহার ধ্বজাতলে পৌরুষপূর্ব্বক যুদ্ধ করিতে, ও জীবনের শেষপর্য্যন্ত খ্রীষ্টের বিশ্বস্ত যোদ্ধা ও সেবক থাকিতে, লজ্জিত না হন. আমেন্.

* এই স্থানে পুরোহিত শিশুর কপালে ক্রুশের চিহ্ন করিবেন.

¶ পরে পুরোহিত কহিবেন.

হে অতি প্রিয় ভ্রাতৃগণ, এক্ষণে এই শিশু বাপ্তিস্ম দ্বারা পুনর্জাত হইয়াছে ও খ্রীষ্ট সভার শরীরে গ্রথিত হইয়াছে, অতএব আইস আমরা এই সকল উপকারের নিমিত্তে, সর্ব্বশক্তিমান্ ঈশ্বরকে ধন্যবাদ করি, ও একমনা হইয়া তাঁহার নিকটে প্রার্থনা করি, যেন এ শিশু এই আরম্ভানুসারে জীবনের অবশিষ্ট কাল আচরণ করে.

¶ পরে পুরোহিত কহিবেন.

হে অতি দয়ালু পিতঃ, আমরা তোমাকে সান্তঃকরণে অত্যন্ত ধন্যবাদ করিতেছি যে তুমি প্রসন্ন হইয়া এই শিশুকে তোমার সদাত্মা দ্বারা পুনর্জাত করিলা ও পোষ্যপুত্রভাবে

ইহাকে আপন সন্তান করিয়া গ্রহণ করিলা এবং ইহাকে তোমার পুণ্য সভার সংযুক্ত অঙ্গ করিলা; আর আমরা বিনয় পূর্ব্বক তোমাকে ইহা প্রদান করিতে নিবেদন করিতেছি, যেন এ পাপের বিষয়ে মৃত ও ধর্ম্মের বিষয়ে জীবিত ও খ্রীষ্টের সহিত তাঁহার মরণে পোতিত হইয়া পুরাতন মানুষকে ক্রুশার্পণ করে ও পাপের সমুদায় শরীরকে নিতান্ত বিনাশ করে; এবং যেমন এ তোমার পুত্রের মরণের ভাগী হইয়াছে, তেমনি যেন তাঁহার পুনরুত্থানের ও ভাগী হয়; তাহাতে যেন শেষে তোমার পুণ্য সভার অবশিষ্টের সহিত তোমার অনন্ত রাজ্যের অধিকারী হয়; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

¶ পরে সকলে দণ্ডায়মান হইলে, ধর্ম্মপিতা ও ধর্ম্মমাতাদিগকে ধর্ম্মপরিচারক পশ্চাল্লিখিত এই উপদেশ দিবেন.

যেহেতুক এই শিশু ইহার প্রতিনিধি যে তোমরা তোমাদের দ্বারা প্রতিজ্ঞা করিয়াছে যে শয়তান, ও তৎক্রিয়া সকল পরিত্যাগ করিবে, এবং ঈশ্বরে বিশ্বাস রাখিবে, ও তাঁহার সেবা করিবে; অতএব তোমাদের মনে রাখিতে হইবে, যে ইহা তোমাদের উচিত ও কর্ত্তব্য কর্ম্ম যে এই শিশু তোমাদের দ্বারা এখানে কেমন গুরুতর দিব্য, প্রতিজ্ঞা ও স্বীকার করিয়াছে, তাহা শিক্ষিতে সমর্থ হইলে ইহাকে শিক্ষাইতে যত্ন কর. আরো যেন এ উত্তমরূপে এই সকল বিষয় জ্ঞাত হয়, এতদর্থে ইহাকে উপদেশবাক্য শুনিতে আজ্ঞা করিবা, ও বিশেষতঃ তোমরা সচেষ্ট হইবা, যে

ইতর ভাষাতে এ প্রতীতিবাক্য, প্রভুর প্রার্থনা, ও দশাজ্ঞা, ও যাহা২ আত্মার স্বাস্থ্যের নিমিত্তে খ্রীষ্টীয়ানের জানিবার ও প্রত্যয় করিবার আবশ্যক, তাহা শিক্ষা করে; এবং যেন এই শিশু ঈশ্বরীয় ও খ্রীষ্টীয় আচার ব্যবহার করিতে ধার্ম্মিকতারূপে প্রতিপালিত হয়; কেননা সর্ব্বদা স্মরণে রাখিতে হয় যে বাপ্তিস্ম আমাদের স্বীকারের নিদর্শন; যথা, আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্টের দৃষ্টান্তানুগমন করা ও তাঁহার সদৃশীকৃত হওয়া; তাহাতে তিনি যেমন মৃত হইয়া পুনরায় উঠিয়াছিলেন, তেমনি বাপ্তিস্মিত আমরা যেন পাপের বিষয়ে মৃত হওত পুণ্যের বিষয়ে পুনরায় উঠি, অর্থাৎ আমরা যেন আপনাদের মন্দ ও কুঅভিলাষ সকল সর্ব্বদা ধ্বংস করি ও প্রতিদিন ধর্ম্ম ও পুণ্য আচরণে চলি.

¶ কিন্তু যাহারা শিশুকে সভাতে আনে, তাহারা যদি পুরোহিতের প্রশ্নে এমত অনিশ্চিত উত্তর করে,' যে স্পষ্ট জানা যায় না, শিশু জলেতে পিতা ও পুত্র ও সদাত্মার নামে, (যাহা বাপ্তিস্মের আবশ্যক অংশ) বাপ্তিস্মিত হইয়াছে, তবে পুরোহিত শিশুদের সাধারণ বাপ্তিস্মের জন্যে পূর্ব্ব নিরূপিত বিধানানুসারে তাহাকে বাপ্তিস্মিত করিবেন; কেবল যখন শিশুকে বাপ্তিস্ম পাত্রে ডুবাইবেন, তৎকালে এই বাক্যের দ্বারা ব্যবহার করিবেন.

*** যদি তুমি এখনপর্য্যন্ত বাপ্তিস্মিত না হইয়া থাক, তবে আমি তোমাকে পিতা, ও পুত্র, ও সদাত্মার নামে, বাপ্তিস্ম করিতেছি. আমেন্.

বয়ঃস্থ

ও আপনাদের জন্যে উত্তরদেওনে সমর্থ ব্যক্তিদের

বাপ্তিস্মের বিধান.

¶ যখন বয়ঃস্থ হইয়াছে এমত কোন ব্যক্তি বাপ্তিস্মিত হইবে, তখন বিশপকে বা তাঁহা কর্ত্তৃক তন্নিমিত্তে নিযুক্ত কাহাকে পিতা মাতা বা অন্য কোন বিবেচক ব্যক্তি কর্ত্তৃক নিদান এক সপ্তাহ পূর্ব্বে সম্বাদ দেওয়া যাইবে, তাহাতে যেন তাহাদের পরীক্ষার্থে উপযুক্ত চেষ্টা হইতে পারে যে তাহারা খ্রীষ্টীয় ধর্ম্মের সার বাক্যেতে যথেষ্ট উপদিষ্ট হইয়াছে কি না, আরো যেন তাহারা প্রার্থনা এ উপবাস দ্বারা এই পুণ্য সংস্কার প্রাপণার্থে প্রস্তুত হইতে প্রবোধিত হয়.

¶ এবং যদি তাহাদিগকে উপযুক্ত জানা যায়, তবে রবিবার কিম্বা নিরূপিত পর্ব্বে লোকেরা সমাগত হইলে, ধর্ম্ম পিতৃ ও ধর্ম্ম মাতৃগণ প্রাতঃ বা স্বায়ংকালীন প্রার্থনায়, রক্ষকের বিবেচনায় যেমত উচিত বোধ হয়, দ্বিতীয় পাঠের অব্যবহিত পরেই, বাপ্তিস্ম পাত্রের সম্মুখে তাহাদিগকে উপস্থাপিত করিতে প্রস্তুত হইবে.

¶ এবং তথায় দাঁড়াইয়া পুরোহিত জিজ্ঞাসা করিবেন, যে এখানে উপস্থাপিত লোকদের মধ্যে কেহ বাপ্তিস্মিত হইয়াছে কি না, যদি তাহারা উত্তর করে যে না; তবে পুরোহিত এতদ্রূপ কহিবেন.

হে অতি প্রিয়েরা, যেহেতুক মনুষ্য সকল পাপেতে গর্ভধৃত ও জাত এবং যেহেতুক আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্ট কহেন; জল ও সদাত্মা হইতে পুনর্জাত না হইলে, কেহ ঈশ্বরের রাজ্যে প্রবেশ করিতে পারে না; সেই হেতু আমি

তোমাদিগকে বিনয় করিতেছি, যে প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা পিতা ঈশ্বরের নিকটে প্রার্থনা কর, তাহাতে তিনি আপন অসীম অনুগ্রহেতে এই ব্যক্তিদিগকে সেই বস্তু যেন প্রদান করেন, যাহা স্বভাবতঃ অপ্রাপ্য, এবং যেন ইহারা জল ও সদাত্মা দ্বারা বাপ্তিস্মিত ও খ্রীষ্টের পুণ্য সভাতে গৃহীত ও তাহার এক সজীব অঙ্গ হয়.

¶ পরে পুরোহিত কহিবেন.

আমরা প্রার্থনা করি.

ইহাতে সভাস্থ লোক সমূহ হাঁটু পাতিবে.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যজীবি ঈশ্বর, তুমি আপন পরম দয়াতে তরীমধ্যে নোহকে সপরিবারে জলনাশ হইতে বাঁচাইয়াছিলা, আরো নিজ লোক ইস্রায়েলের সন্তান-দিগকে সুফসমুদ্র দিয়া নির্ব্বিঘ্নে পার করিয়াছিলা, তাহাতে তোমার পুণ্যবাপ্তিস্মের প্রতিরূপ দেখাইয়াছ; এবং যর্দ্দন নদীতে আপন পরম প্রিয় পুত্র য়ীশু খ্রীষ্টের বাপ্তিস্ম দ্বারা, জলাত্মক বস্তু পাপের নিগূঢ় প্রক্ষালনার্থে পবিত্র করিয়াছ; অতএব আমরা তোমার অসীম দয়ার হেতু নিবেদন করি-তেছি যে তুমি দয়াপূর্ব্বক এই তোমার দাসদিগের উপর অবলোকন কর, ইহাদিগকে ধৌত ও সদাত্মা দ্বারা পবিত্র কর; তাহাতে যেন তোমার ক্রোধ হইতে রক্ষা পাইয়া খ্রীষ্ট সভার তরীতে গৃহীত হয়; এবং বিশ্বাসে স্থির, প্রত্যাশাতে আনন্দিত, ও

প্রেমেতে বদ্ধমূল হইয়া, এই ক্লেশদায়ক সংসারের তরঙ্গ হইতে এমতরূপে উত্তীর্ণ হয়, যে শেষে অনন্ত জীবনের ভূমীতে পঁহুছিয়া, তথায় তোমার সহিত অনন্তকাল পর্য্যন্ত রাজত্ব করে, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

হে সর্ব্বশক্তিমান্ ও অমর ঈশ্বর, তুমি দীনহীন সকলের উপায়, তোমার শরণাগত সকলের সহায়, বিশ্বাসিদের জীবন এবং মৃতদের পুনরুত্থান; অতএব আমরা তোমার নিকটে এই ব্যক্তিদের নিমিত্তে বিনতি করিতেছি, যেন ইহারা তোমার পুণ্য বাপ্তিস্মে আসিয়া পারমার্থিক পুনর্জন্ম দ্বারা আপন পাপের মোচন প্রাপ্ত হয়. হে পরমপ্রভো ইহাদিগকে গ্রহণ কর, যেমন তোমার পরমপ্রিয় পুত্র দ্বারা অঙ্গীকার করত কহিয়াছ, যে প্রার্থনা কর, তবে পাইবা, অন্বেষণ কর, তবে উদ্দেশ পাইবা, ঘা দেও, তবে তোমাদের প্রতি মুক্ত হইবে; অতএব আমরা যে এক্ষণে প্রার্থনা করিতেছি, আমাদিগকে দেও, আমরা যে অন্বেষণ করিতেছি, আমাদিগকে উদ্দেশ পাইতে দেও, আমরা যে ঘা দিতেছি, আমাদের প্রতি দ্বার মুক্ত কর, তাহাতে যেন এই ব্যক্তিরা তোমার স্বর্গীয় প্রক্ষালনের অনন্ত আশীর্ব্বাদ ভোগ করে এবং আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা তোমাকর্ত্তৃক অঙ্গীকৃত নিত্যস্থায়ি রাজ্যে আইসে. আমেন্.

পরে লোকেরা দণ্ডায়মান হইলে, পুরোহিত ইহা কহিবেন.

সাধু যোহন লিখিত সুসমাচারের তৃতীয় অধ্যায়ের প্রথম পদ অবধি যে বাক্য তাহা শুন.

ফরীষীয়দের মধ্যে এক লোক ছিল, তাহার নাম নিকদিম, সে য়িহুদিদের এক জন অধ্যক্ষ, ইনি রাত্রিতে য়ীশুর নিকটে আইলেন, ও তাঁহাকে বলিলেন, হে রাব্বি আমরা জানি যে তুমি ঈশ্বর হইতে আগত এক শিক্ষক কেননা যে আশ্চর্য্য কর্ম্ম তুমি কর, তাহা কেহ করিতে পারে না, যদি ঈশ্বর তাহার সহিত না থাকেন; য়ীশু উত্তর করিলেন, ও তাহাকে বলিলেন, সত্য২ আমি তোমাকে কহি, যদি কেহ পুনর্জাত না হয় তবে সে ঈশ্বরের রাজ্য দেখিতে পায় না; নিকদিম তাঁহাকে কহেন, মনুষ্য বৃদ্ধ হইলে কি প্রকারে জন্মিতে পারে? সে কি দ্বিতীয়বার আপন মাতৃগর্ভে প্রবেশ করিতে ও জন্মিতে পারে? য়ীশু উত্তর করিলেন, সত্য২ আমি তোমাকে কহি যদি কেহ জল ও আত্মা হইতে জাত না হয় তবে সে ঈশ্বরের রাজ্য প্রবেশ করিতে পারে না, যাহা মাংস হইতে জাত তাহা মাংস, এবং যাহা আত্মা হইতে জাত তাহা আত্মা; চমৎকৃত হইও না, যে আমি তোমাকে বলিলাম তোমাদিগকে পুনর্জাত হইতে হইবে; বায়ু যেখানে চাহে সেখানে বহে, এবং তুমি তাহার শব্দ শুন, কিন্তু জাননা কোথা হইতে আইসে, এবং কোথায় যায়; এইরূপ আত্মা হইতে জাত প্রত্যেক জন.

তৎপরে তিনি পশ্চাল্লিখিত উপদেশ কহিবেন.

হে প্রিয়েরা তোমরা এই সুসমাচারে আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্টের স্পষ্ট কথা শুনিতেছ, যে যদি কেহ জল ও আত্মা

হইতে জাত না হয় তবে সে ঈশ্বরের রাজ্যে প্রবেশ করিতে পারে না, ইহাতে, যেখানে প্রাপ্য, এই সংস্কারের অত্যাবশ্যকতা বুঝিতে পারিবা. তদ্রূপ তাঁহার আরোহণের অব্যবহিত পূর্ব্বে (যেমত আমরা সাধু মার্কের সুসমাচারের শেষাধ্যায়ে পাঠ করিতেছি) তিনি এই কহত আপন প্রেরিতদিগকে আজ্ঞা দিলেন, তোমরা সমুদায় জগতে গিয়া প্রত্যেক লোককে সুসমাচার প্রচার কর, যে বিশ্বাস করিবে ও বাপ্তিস্মিত হইবে, সে পরিত্রাণ পাইবে, কিন্তু যে অবিশ্বাসী হয় সে দণ্ডনীয় হইবে; ইহাও আমাদিগকে দেখাইতেছে, আমরা তদ্দ্বারা কি পরম লাভ প্রাপ্ত হই. যন্নিমিত্তে সাধু পিতর প্রেরিত যখন তাঁহার প্রথম সুসমাচারের ঘোষণাতে অনেকে অন্তঃকরণে বিদ্ধ হইয়াছিল ও তাহাকে ও অন্য প্রেরিতগণকে কহিয়াছিল, " হে মনুষ্য ভাই সকল, আমরা কি করিব?" তখন উত্তর করিলেন ও তাহাদিগকে কহিলেন, " অনুতাপ কর, ও তোমাদের প্রত্যেক জন পাপ মোচনার্থে বাপ্তিস্মিত হউক, এবং তোমরা সদাত্মার দান প্রাপ্ত হইবা. কেননা তোমাদের প্রতিই অঙ্গীকার ও তোমাদের সন্তানদের প্রতি, ও দূরস্থ তাবৎ লোকদের প্রতি, যত লোককে পরম প্রভু আমাদের ঈশ্বর আহ্বান করিবেন," আরও অনেক২ চেতনা দেওত তিনি কহিলেন এই কুটিল বংশ হইতে রক্ষিত হও. কেননা যেমন এই প্রেরিত আর এক স্থানে প্রমাণ দিয়া কহেন, " যীশু খ্রীষ্টের পুনরুত্থান দ্বারা বাপ্তিস্মও আমাদিগকে এখন রক্ষা করিতেছে, মাংসের মালিন্যের দূরী-

করণ নয়, কিন্তু ঈশ্বরের প্রতি উত্তম মনের প্রতিবাক্য; অতএব তোমরা সন্দিগ্ধ হইও না, কিন্তু দৃঢ়রূপে বিশ্বাস কর, যে সত্য অনুতাপী ও বিশ্বাসপূর্ব্বক তাঁহার নিকটে আগমনকারী এই উপস্থিত ব্যক্তিদিগকে অনুগ্রহপূর্ব্বক গ্রহণ করিবেন, যে তিনি তাহাদিগকে তাহাদের পাপ ক্ষমা করিবেন ও তাহাদিগকে সদাত্মা প্রদান করিবেন, যে তিনি তাহাদিগকে অনন্তজীবনের আশীর্ব্বাদ দিবেন, ও তাহাদিগকে আপন নিত্যস্থায়ি রাজ্যের অংশী করিবেন. অতএব এই ব্যক্তিদিগের প্রতি যীশু খ্রীষ্ট দ্বারা প্রকাশিত আমাদের স্বর্গীয় পিতার অনুগ্রহ নিশ্চয় জানিয়া, আইস আমরা বিশ্বাস ও ভক্তিপূর্ব্বক তাঁহার ধন্যবাদ করত কহি.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যস্থায়ি ঈশ্বর, স্বর্গীয় পিতঃ, আমরা নম্রতাপূর্ব্বক তোমার ধন্যবাদ করিতেছি, যেহেতুক তুমি আমাদিগকে তোমার প্রসাদের জ্ঞানে ও তোমার উপর বিশ্বাসে প্রসন্ন হইয়া আহ্বান করিয়াছ; সর্ব্বদা আমাদের মধ্যে এই জ্ঞান বর্দ্ধন কর, ও এই প্রত্যয় দৃঢ় কর এই ব্যক্তিদিগকে আপন সদাত্মা প্রদান কর, যেন ইহারা পুনর্জ্জাত ও নিত্যস্থায়ি ত্রাণের অধিকারী হয়; আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা, যিনি এখন ও নিরন্তর তোমার ও সদাত্মার সহিত জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

¶ পরে বাপ্তিস্মনীয় লোকদিগকে পুরোহিত এইরূপ কহিবেন.

হে অতি প্রিয়েরা, তোমরা পুণ্য বাপ্তিস্ম গ্রহণ করিতে ইচ্ছা করিয়া এস্থানে আসিয়াছ, তোমরা শুনিয়াছ এই সমাজ কিরূপে প্রার্থনা করিয়াছে, যেন আমাদের প্রভু যীশু খ্রীষ্ট প্রসন্ন হইয়া তোমাদিগকে গ্রহণ ও আশীর্ব্বাদ করেন, পাপ হইতে তোমাদিগকে মুক্ত করেন, তোমাদিগকে স্বর্গীয় রাজ্য ও নিত্যস্থায়ি জীবন দেন, আরো তোমরা শুনিয়াছ যে যে সকলের নিমিত্তে প্রার্থনা করিয়াছি তাহা প্রদান করিতে আমাদের প্রভু যীশু খ্রীষ্ট আপন সুসমাচারে অঙ্গীকার করিয়াছেন; সে অঙ্গীকার তিনি আপনার পক্ষে অত্যবশ্য রাখিবেন ও সম্পূর্ণ করিবেন.

অতএব এই অঙ্গীকার খ্রীষ্ট কর্ত্তৃক কৃত হইলে পর, তোমাদিগকেও আপনাদের পক্ষে, এই তোমাদের সাক্ষিগণ ও এই সমস্ত সমাজের সম্মুখে, বিশ্বস্তরূপে অঙ্গীকার করিতে হইবে, যে তোমরা শয়তান ও তাহার ক্রিয়া সকল পরিত্যাগ করিবে, এবং ঈশ্বরের পুণ্য বাক্য দৃঢ়রূপে বিশ্বাস করিবে ও তাঁহার আজ্ঞা সকল অধীনতা পূর্ব্বক পালন করিবে.

¶ পরে পুরোহিত বাপ্তিস্মনীয় ব্যক্তিদিগের প্রত্যেক জনকে এক২ করিয়া এই পশ্চাল্লিখিত প্রশ্ন জিজ্ঞাসিবেন.

প্রশ্ন

তুমি কি শয়তান ও তাহার ক্রিয়া সকল, ও জগতের অনর্থক আড়ম্বর ও গৌরব, ও তাহার

লোভেচ্ছা সকল, ও শারীরিক কামাভিলাষ, এমত ত্যাগ করিবা, যে তাহাদের পশ্চাদ্গামী হইবা না, ও তাহাতে স্বীকৃত হইবা না?

উত্তর. এই সকল আমি পরিত্যাগ করি.

প্রশ্ন

স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্ত্তা সর্ব্বশক্তিমান্ পিতা ঈশ্বরেতে কি তুমি বিশ্বাস কর?

এবং তাঁহার একমাত্র জাত পুত্র আমাদের প্রভু যীশু খ্রীষ্টে; এবং তিনি যে সদাত্মার দ্বারা গর্ভস্থ হইয়া মরীয়া কুমারী হইতে জন্মিলেন; তিনি যে পন্তিয়স পীলাতের অধীনে দুঃখভোগ করিলেন, ক্রুশার্পিত মৃত ও পোতিত হইলেন; তিনি যে পরলোকে নামিলেন, এবং তৃতীয় দিবসে পুনর্ব্বার উঠিলেন; তিনি যে স্বর্গে আরোহণ করিলেন, এবং সর্ব্বশক্তিমান্ পিতা ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে বসিয়া আছেন; এবং তিনি যে জগতের শেষে জীবিত ও মৃতদের বিচার করিতে পুনরায় আসিবেন?

তুমি কি সদাত্মাতে বিশ্বাস কর? এবং পুণ্য সার্ব্বসভাতে, সাধুদের সম্মতিতে, পাপমোচনেতে, মাংসের পুনরুত্থানে এবং মৃত্যুর পর অনন্ত জীবনে; এই সকলেতে কি তুমি বিশ্বাস কর?

উত্তর. এই সকলেতে আমি দৃঢ়রূপে বিশ্বাস করি.

প্রশ্ন.

এই বিশ্বাসে কি তুমি বাপ্তিস্মিত হইতে চাহ?

উত্তর. এই আমার বাঞ্ছা.

প্রশ্ন

তবে কি তুমি ঈশ্বরের পুণ্যেচ্ছা, ও আজ্ঞা সকল বশ্য-ভাবে পালন করিবা, ও যাবজ্জীবন তদনুসারে ব্যবহার করিবা?

উত্তর. ঈশ্বর আমার সহায় হইলে আমি তাহা করিতে যত্ন করিব.

পরে পুরোহিত কহিবেন.

হে দয়ালু ঈশ্বর প্রদান কর, যে এই ব্যক্তিদিগেতে পুরাতন আদম এমত পোতিত হয়, যে ইহাদিগেতে নূতন মানুষ উঠে. আমেন্.

প্রদান কর যে ইহাদিগেতে সমস্ত শারীরিক অভিলাষ মরিয়া যায় এবং আত্মসম্বন্ধীয় সমস্ত বিষয় ইহাদিগেতে জীবিত ও বর্দ্ধিত হয়. আমেন্.

প্রদান কর যে শয়তান, ও জগৎ, ও ইন্দ্রিয়ের বিরুদ্ধে জয় ও জয়োল্লাস করিতে, ইহাদিগের পরাক্রম ও বল হয়. আমেন্.

প্রদান কর যে ইহারা এখানে আমাদের কর্ম্ম ও পরি-চর্য্যাদ্বারা উৎসর্গ হইয়া স্বর্গীয় গুণেতেও পরিহিত এবং চিরকাল পুরস্কৃত হয়, হে ধন্য প্রভু ঈশ্বর, তুমি যে অনন্তকালপর্য্যন্ত জীবিত থাক, এবংসকল বস্তুর শাসন কর, তোমার দয়াতে ইহা হউক. আমেন্.

হে সর্ব্বশক্তিমান্ নিত্যজীবি ঈশ্বর, তোমার অতি প্রিয়তম পুত্র যীশু খ্রীষ্ট আমাদের পাপ ক্ষমার জন্যে আপন অতি বহুমূল্য পার্শ্ব হইতে জল ও রক্ত পাত করি-

লেন, এবং আপন শিষ্যদিগকে আজ্ঞা দিলেন, যে তাহারা গিয়া সর্ব্বজাতিদিগকে শিক্ষায়, ও পিতা, ও পুত্র, ও সদাত্মার নামে তাহাদিগকে বাপ্তিস্ম করে; আমরা তোমাকে বিনয় করি, এই সমাজের নিবেদন অবধান কর, এবং এই জল পাপের নিগূঢ় প্রক্ষালনার্থে পবিত্র কর, এবং প্রদান কর, যে ইহাতে এক্ষণে বাপ্তিস্মিতব্য ব্যক্তিরা তোমার প্রসাদের পূর্ণতা পায় ও চিরকাল তোমার ভক্ত ও মনোনীত সন্তানগণের মধ্যে স্থির থাকে; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

¶ পরে পুরোহিত প্রত্যেক বাপ্তিস্মনীয় ব্যক্তির দক্ষিণ হস্ত ধরিয়া ও আপন বিবেচনায় তাহাকে যোগ্যরূপে বাপ্তিস্ম পাত্রের নিকট রাখিয়া ধর্ম্মপিতা মাতাদিগকে নাম জিজ্ঞাসিবেন; এবং পরে ইহা কহত তাহাকে জলে ডুবাইবেন, কিম্বা তাহার উপরে জল ঢালিবেন.

*** আমি তোমাকে পিতা, ও পুত্র, ও সদাত্মার নামে বাপ্তিস্ম করিতেছি. আমেন্.

¶ পরে পুরোহিত কহিবেন.

আমরা এই ব্যক্তিকে খ্রীষ্ট পালের সমাজ মধ্যে গ্রহণ করি, * এবং ক্রূশের চিহ্নে ইহাকে চিহ্নিত করি, এই সূচনার্থে যে ইনি ইহার পরে ক্রূশার্পিত খ্রীষ্টের বিশ্বাস স্বীকার করিতে, ও পাপ, ও জগৎ, ও শয়তানের বিরুদ্ধে

* এই স্থানে পুরোহিত ব্যক্তির কপালে ক্রূশের চিহ্ন করিবেন.

তাঁহার ধ্বজাতলে পৌরুষপূর্ব্বক যুদ্ধ করিতে, ও জীবনের শেষপর্য্যন্ত খ্রীষ্টের বিশ্বস্ত যোদ্ধা ও সেবক থাকিতে, লজ্জিত না হন. আমেন্.

¶ পরে পুরোহিত কহিবেন.

হে অতি প্রিয় ভ্রাতৃগণ, এখন এই ব্যক্তিরা পুনর্জাত হইল ও খ্রীষ্ট সভার শরীরে গ্রথিত হইল, অতএব আইস আমরা এই সকল উপকারের নিমিত্তে, সর্ব্বশক্তিমান্ ঈশ্বরকে ধন্যবাদ করি, ও একমনা হইয়া তাঁহার নিকটে প্রার্থনা করি যেন ইহারা এইআরম্ভানুসারে জীবনের অবশিষ্ট কাল আচরণ করে.

¶ পরে সকলে হাঁটু পাতিলে, ইহা কহা যাইবে.

হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যেও হউক; আমাদের দিবসিক রুটী এই দিবসে আমাদিগকে দেও; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি; তেমনি আমাদেরও অপরাধ সকল ক্ষমা কর; আর আমাদিগকে পরীক্ষায় আনিও না কিন্তু মন্দ হইতে রক্ষা কর; যেহেতু তোমারই রাজ্য ও পরাক্রম ও মহিমা সদা সর্ব্বদা আছে. আমেন্.

হে স্বর্গীয় পিতঃ, আমরা তোমাকে বিনয় পূর্ব্বক ধন্যবাদ করিতেছি, যেহেতুক তুমি আমাদিগকে তোমার প্রসাদের জ্ঞানে ও তোমার উপর বিশ্বাসে, প্রসন্ন হইয়া আহ্বান করিয়াছ; সর্ব্বদা আমাদের মধ্যে এই জ্ঞান বর্দ্ধন কর, এই প্রত্যয় দৃঢ় কর: এই ব্যক্তিদিগকে আপন সদাত্মা প্রদান কর, যেন আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা এখন পুনর্জ্জাত ও অনন্ত ত্রাণের অধিকারী কৃত ইহারা তোমার দাস হইয়া থাকে, ও তোমার অঙ্গীকার প্রাপ্ত হয়; সেই প্রভু যীশু খ্রীষ্ট তোমার পুত্র দ্বারা, যিনি তোমার সহিত সেই সদাত্মার ঐক্যতাতে নিরন্তর জীবিত আছেন, ও রাজত্ব করিতেছেন. আমেন্.

¶ পরে সকলে দণ্ডায়মান হইলে, পুরোহিত পশ্চাল্লিখিত এই উপদেশ দিবেন, প্রথমে ধর্ম্মপিতামাতাদিগকে কহিবেন,

যেহেতুক এই ব্যক্তিরা তোমাদের সাক্ষাতে প্রতিজ্ঞা করিয়াছে যে শয়তান ও তৎক্রিয়া সকল পরিত্যাগ করিবে, এবং ঈশ্বরে বিশ্বাস রাখিবে, ও তাঁহার সেবা করিবে; অতএব তোমাদের মনে রাখিতে হইবে, ইহা তোমাদের উচিত ও কর্ত্তব্য কর্ম্ম যে ইহারা এই সমাজ ও বিশেষতঃ আপন মনোনীত সাক্ষি তোমাদের সম্মুখে এক্ষণে কেমন গুরুতর দিব্য, প্রতিজ্ঞা, ও স্বীকার করিয়াছে, তাহা ইহাদের মনে করাইতে হইবে; আরো ইহাদিগকে আদেশ করিবা, যে ঈশ্বরের পুণ্য বাক্যেতে শিক্ষিত হইতে

সর্ব্ব প্রকারে যত্ন করে, তাহাতে যেন ইহারা প্রসাদে ও আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের জ্ঞানে বৃদ্ধি পায়, এবং ইহ-লোকে ধর্ম্ম যাথার্থ্য ও ধৈর্য্যরূপে আচরণ করে.

¶ পরে তিনি নূতন বাপ্তিস্মিত ব্যক্তিদিগকে কহত আরো বলিবেন.

এবং এক্ষণে বাপ্তিস্ম দ্বারা খ্রীষ্টকে পরিধান করিলা যে তোমরা তোমাদেরও উচিত ও কর্ত্তব্য, যে য়ীশু খ্রীষ্টে বিশ্বাস দ্বারা ঈশ্বরের ও দীপ্তির সন্তান কৃত হইয়া খ্রীষ্টীয় আহ্বানানুযায়ি এবং দীপ্তি সন্তানের যোগ্যরূপ আচরণ কর. কেননা সর্ব্বদা স্মরণে রাখিতে হয় যে বাপ্তিস্ম আমাদের স্বীকারের নিদর্শন ; যথা, আমাদের ত্রাণকর্ত্তা খ্রীষ্টের দৃষ্টান্তানুগমন করা ও তাঁহার সদৃশীকৃত হওয়া ; তাহাতে তিনি যেমন মৃত হইয়া পুনরায় উঠিয়াছিলেন তেমনি বাপ্তিস্মিত আমরা যেন পাপের বিষয়ে মৃত হওত পুণ্যের বিষয়ে পুনরায় উঠি, অথাৎ আমরা যেন আপনা-দের মন্দ ও কুঅভিলাষ সকল সর্ব্বদা ধ্বংস করি ও প্রতি দিন ধর্ম্ম ও পুণ্য আচরণে চলি.

¶ ইহা উপযুক্ত যে এইরূপে বাপ্তিস্মিত প্রত্যেক ব্যক্তি তাহার বাপ্তিস্মের পর সুযোগমতে যত শীঘ্র হইতে পারে বিশপ কর্ত্তৃক নির্দ্ধারিত হয়; তাহাতে যেন প্রভু সহভাগে গ্রহীত হয়.

¶ শৈশবে অবাপ্তিস্মিত যদি কেহ আপনাদের জন্যে প্রত্যুত্তর দিতে বয়ঃপ্রাপ্ত হইবার পূর্ব্বে বাপ্তিস্মিত হওনার্থে আনীত হয়, তবে শিশুদের সাধারণ বাপ্তিস্মের কিম্বা মহাসঙ্কটাবস্থায় অসাধারণ বাপ্তিস্মের বিধান ব্যব-হার করিলেই যথেষ্ট হইবে, বিশেষ এই যে শিশুশব্দের পরিবর্ত্তে (বালক অথবা ব্যক্তি) আবশ্যক মতে ব্যবহার করা যাইবে.

প্রশ্নোত্তর,

অর্থাৎ,

বিশপ কর্ত্তৃক নির্দ্ধারিত হওনার্থে আনীত হইবার পূর্ব্বে প্রত্যেক ব্যক্তির শিক্ষণীয় উপদেশ.

প্রশ্ন. তোমার নাম কি?

উত্তর. * * *

প্র. তোমাকে এ নাম কে দিয়াছে?

উ. আমার ধর্ম্মপিতৃ ও ধর্ম্মমাতৃগণ আমার বাপ্তিস্মে, যাহাতে আমি খ্রীষ্টের অঙ্গ, ঈশ্বরের সন্তান, ও স্বর্গরাজ্যের অধিকারী কৃত হইয়াছিলাম.

প্র. তোমার ধর্ম্মপিতৃ ও ধর্ম্মমাতৃগণ তোমার নিমিত্তে তখন কি করিয়াছিলেন?

উ. তাঁহারা আমার নামে তিন বিষয় প্রতিজ্ঞা ও দিব্য করিয়াছিলেন; প্রথমতঃ যে আমি শয়তানকে ও তাহার ক্রিয়া সকল, ও এই কুজগতের আড়ম্বর ও অনর্থকতা, ও মাংসের পাপাভিলাষ সকল ত্যাগ করিব; দ্বিতীয়তঃ যে আমি খ্রীষ্টীয় বিশ্বাসের পদার্থ সকল প্রত্যয় করিব; তৃতীয়তঃ যে আমি ঈশ্বরের পূণ্য ইচ্ছা ও আজ্ঞা সকল পালন করিব, ও যাবজ্জীবন তদনুসারে গতি করিব.

প্র. তোমার নিমিত্তে যেমন তাহারা প্রতিজ্ঞা করিয়াছিল, তেমনি বিশ্বাস ও গতি করা তোমার কর্ত্তব্য, তাহা তুমি কি বোধ কর না?

উ. হাঁ অবশ্যই, এবং ঈশ্বরের আনুকূল্যদ্বারা সেইরূপ আমি করিব, আর আমাদের স্বর্গীয় পিতাকে আমি সান্তঃকরণে ধন্যবাদ করিতেছি, যে তিনি আমাদের ত্রাণকর্ত্তা য়ীশু খ্রীষ্টের দ্বারা আমাকে এই ত্রাণের অবস্থাতে আহ্বান করিয়াছেন; এবং আমি ঈশ্বরের নিকটে প্রার্থনা করি, যে তিনি আমাকে তাঁহার প্রসাদ দেন, যেন আমি যাবজ্জীবন ঐ অবস্থাতে স্থির থাকি.

শিক্ষক.

তোমার বিশ্বাসের পদার্থ কহ?

উ. স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্ত্তা সর্ব্বশক্তিমান পিতা ঈশ্বরেতে আমি বিশ্বাস করি.

এবং তাঁহার অদ্বিতীয় পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টে; যিনি সদাত্মার দ্বারা গর্ব্ভস্থ হইয়া মরীয়া কুমারী হইতে জন্মিলেন; পন্তিয়স পীলাতের কালে দুঃখ ভোগ করিলেন, ক্রুশার্পিত, মৃত ও পোতিত হইলেন; পরলোকে নামিলেন; তৃতীয় দিবসে মৃতদের হইতে পুনরায় উঠিলেন; স্বর্গে আরোহণ করিলেন; এবং সর্ব্বশক্তিমান্ পিতা ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে বসিয়া আছেন; তথাহইতে জীবিত ও মৃতদের বিচার করিতে আসিবেন.

আমি সদাত্মাতে বিশ্বাস করি; পুণ্য সার্ব্ব সভাতে;

সাধুদের সম্মতিতে ; পাপ মোচনেতে; শরীরের পুনরুত্থানে ও অনন্ত জীবনে. আমেন্.

প্র. এই বিশ্বাসের পদার্থে তুমি প্রধানরূপে কি শিক্ষা পাইতেছ ?

উ. প্রথমতঃ আমি পিতা ঈশ্বরেতে বিশ্বাস করিতে শিখি, যিনি আমাকে ও জগৎ সমুদায়কে সৃষ্ট করিয়াছেন.

দ্বিতীয়তঃ পুত্র ঈশ্বরেতে, যিনি আমাকে ও সকল মনুষ্যকে উদ্ধার করিয়াছেন.

তৃতীয়তঃ সদাত্মা ঈশ্বরেতে, যিনি আমাকে ও ঈশ্বরের মনোনীত লোক সমূহকে পবিত্র করেন.

প্র. তুমি কহিলা তোমার ধর্ম্মপিতৃ ও ধর্ম্মমাতৃগণ তোমার নিমিত্তে প্রতিজ্ঞা করিয়াছেন, যে তুমি ঈশ্বরের আজ্ঞা সকল পালন করিবা ; তাহা কত আছে আমাকে বল ?

উ. দশ.

প্র. তাহা কিং ?

উ. নিঃসৃতির বিংশ অধ্যায়ে পরমেশ্বর যাহা কহিয়াছিলেন তাহাই, যথা, আমি পরমপ্রভু তোমার ঈশ্বর, তোমাকে মিশর ভূমি হইতে বন্ধন গৃহ হইতে আনয়ন কারী.

প্রথমাজ্ঞা.

আমাব্যতিরেকে তুমি অন্য কাহাকে ঈশ্বর জানিবা না.

দ্বিতীয়াজ্ঞা.

তুমি আপনার জন্য কোন খোদিত মূর্ত্তি, কিম্বা ঊর্দ্ধে স্বর্গের মধ্যে বা নীচে পৃথিবীর মধ্যে বা পৃথিবীর নীচে জলের মধ্যে যত বস্তু আছে তাহাদের কাহারো প্রতিমা করিবা না; তুমি তাহাদিগকে প্রণাম কিম্বা ভজনা করিবা না, যে হেতুক আমি পরমপ্রভু তোমার ঈশ্বর পরাসহিষ্ণু ঈশ্বর আছি, আমার ঘৃণাকারিদের তৃতীয় চতুর্থ পুরুষ পর্য্যন্ত সন্তানদিগের উপর পিতার দোষের প্রতিফলদায়ী, এবং আমার প্রেমকারী ও আজ্ঞাবহদের প্রতি সহস্র পুরুষ পর্য্যন্ত অনুগ্রহকারী আছি.

তৃতীয়াজ্ঞা.

তুমি আপন ঈশ্বর পরমপ্রভুর নাম নিরর্থক লইবা না, কেননা তাঁহার নাম যে নিরর্থক লয় তাহাকে পরমপ্রভু নিরপরাধী জ্ঞান করিবেন না.

চতুর্থাজ্ঞা.

তুমি শাবথদিন পবিত্র করিতে স্মরণ কর, ছয় দিবস শ্রম করিয়া আপন কর্ম্ম সকল করিবা, কিন্তু সপ্তম দিবস তোমার ঈশ্বর পরমপ্রভুর শাবথ, তাহাতে তুমি কোন কর্ম্ম করিবা না, তুমি ও তোমার পুত্র ও তোমার কন্যা, তোমার দাস ও তোমার দাসী, তোমার পশু এবং তোমার দ্বারান্তর্গত প্রবাসী; কেননা ছয় দিবসে পরমপ্রভু স্বর্গ ও পৃথিবী ও সমুদ্র ও তন্মধ্যস্থিত সমস্ত সৃষ্টি করিলেন, এবং

সপ্তম দিবসে বিশ্রাম করিলেন; এই জন্যে পরমপুভু সপ্তম দিবসকে আশীর্ব্বাদ ও পবিত্র করিলেন.

পঞ্চমাজ্ঞা.

তুমি আপন পিতা ও মাতাকে সম্ভ্রম কর, যেন পরম-পুভু তোমার ঈশ্বর যে ভূমি তোমাকে দেন তাহাতে তোমার আয়ুর বৃদ্ধি হয়.

ষষ্ঠাজ্ঞা.

তুমি হত্যা করিবা না.

সপ্তমাজ্ঞা.

তুমি ব্যভিচার করিবা না.

অষ্টমাজ্ঞা.

তুমি চৌর্য্য করিবা না.

নবমাজ্ঞা.

তুমি পুতিবাসির বিপক্ষে মিথ্যা সাক্ষ্য দিবা না.

দশমাজ্ঞা.

তুমি পুতিবাসির গৃহ লোভ করিবা না, পুতিবাসির স্ত্রী, কিম্বা তাহার দাস, বা দাসী, ও তাহার গরু, বা গর্দ্দভ, কিম্বা তাহার কোন বস্তু, লোভ করিবা না.

প্র. এই সকল আজ্ঞা হইতে তুমি বিশেষরূপে কি শিখিতেছ?

উ. এই দুই বিষয় শিখিতেছি, ঈশ্বরের পুতি যাহা আমার কর্ত্তব্য, এবং আমার পুতিবাসির পুতি যাহা কর্ত্তব্য.

প্র. ঈশ্বরের প্রতি তোমার কর্ত্তব্য কি?

উ. ঈশ্বরের প্রতি আমার কর্ত্তব্য এই, তাঁহাতে বিশ্বাস করা, তাঁহাকে ভয় করা, ও আমার সর্ব্বান্তঃকরণে, সর্ব্বমনে; সর্ব্বাত্মাতে ও সর্ব্বশক্তিতে তাঁহাকে প্রেম করা, তাঁহার ভজনা করা, তাঁহার ধন্যবাদ করা, তাঁহাতে আমার তাবৎ ভরসা রাখা, তাঁহার নিকট প্রার্থনা করা, তাঁহার পুণ্য নাম ও বাক্যের সম্মান করা, এবং যাবজ্জীবন সত্যরূপে তাঁহার সেবা করা.

প্র. প্রতিবাসির প্রতি তোমার কর্ত্তব্য কি?

উ. প্রতিবাসির প্রতি আমার কর্ত্তব্য এই, তাহাকে আত্মতুল্য প্রেম করা, ও যেমন আমি ইচ্ছা করি যে সকলে আমার প্রতি করে, তদ্রূপ তাহাদের প্রতি করা; আমার পিতা ও মাতাকে প্রেম, ও সম্মান, ও আনুকূল্য করা; রাণীকে ও তাঁহার অধীন পদস্থ সকলকে আদর ও মান্য করা; আমার সকল অধ্যক্ষ ও শিক্ষক, ও পারমার্থিক পালক, এবং গুরুদিগের বশীভূত হওয়া; আমার সকল শ্রেষ্ঠদের প্রতি নম্রতা ও আদর পূর্ব্বক ব্যবহার করা, বাক্য কিম্বা ক্রিয়াদ্বারা কাহারো হিংসা না করা, আমার সকল ব্যবসায়ে সত্য ও ন্যায়রূপে চলা, আমার অন্তঃকরণে কোন হিংসা বা দ্বেষ না রাখা, আমার হস্তকে অপহরণ ও চৌর্য্য হইতে, ও আমার জিহ্বাকে নিন্দা ও মিথ্যা কথন ও অপবাদ হইতে, রক্ষা করা, আমার শরীরকে ধীরতা ও পরিমিততা ও শুদ্ধতাতে রাখা, পরদ্রব্যেতে লোভ কিম্বা ইচ্ছা না করা, কিন্তু সদ্ব্যবহার দ্বারা আপন

ভরণপোষণ পাইতে শিক্ষা ও চেষ্টা করা, এবং ঈশ্বর আপন ইচ্ছাতে আমাকে যে অবস্থাতে আহ্বান করিবেন তাহাতেই আমার কর্ত্তব্য কর্ম্ম করা.

শিক্ষক.

আমার প্রিয় বালক ইহা জান, যে তুমি আপনি এই সকল করিতে পার না, ও ঈশ্বরের বিশেষ প্রসাদ বিনা তাঁহার আজ্ঞানুসারে গতি করিতে ও তাঁহার সেবা করিতে অসমর্থ আছ, এবং তাহা সযত্ন প্রার্থনা দ্বারা সর্ব্বদা যাচ্ঞা করিতে তোমাকে শিখিতে হইবে. অতএব আমাকে শুনাও তুমি প্রভুর প্রার্থনা কহিতে পার কি না.

উ. হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যেও হউক: আমাদের দিবসিক রুটী এই দিবসে আমাদিগকে দেও; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি; তেমনি আমাদেরও অপরাধ সকল ক্ষমা কর; আর আমাদিগকে পরীক্ষায় আনিও না, কিন্তু মন্দ হইতে রক্ষা কর. আমেন্.

প্র. এই প্রার্থনাতে ঈশ্বরের নিকটে তুমি কি চাহ?

উ. আমি আপন প্রভু ঈশ্বর আমাদের স্বর্গীয় পিতা, যিনি সকল উত্তমতার দাতা, তাঁহার স্থানে যাচ্ঞা করিতেছি যে তিনি আপন প্রসাদ আমার প্রতি ও সর্ব্বজনের প্রতি প্রদান করেন, যেন আমরা উপযুক্তমতে তাঁহার আরাধনা

ও সেবা করি ও তাঁহার আজ্ঞাবহ থাকি; এবং আমি ঈশ্বরের নিকটে প্রার্থনা করি যে তিনি আমাদের আত্মা ও শরীর উভয়ের নিমিত্তে যাহা আবশ্যক তাহা সকল যেন প্রদান করেন, ও যেন তিনি আমাদের প্রতি দয়ালু হন ও আমাদের পাপ সকল ক্ষমা করেন, ও যেন তিনি প্রসন্ন হইয়া আত্মা ও শরীর সম্বন্ধীয় সকল আপদে আমাদিগকে উদ্ধার ও রক্ষা করেন, এবং যেন তিনি আমাদিগকে তাবৎ পাপ ও দুষ্টতা হইতে, ও আমাদের আত্মিক শত্রু হইতে, ও অনন্ত মৃত্যু হইতে রক্ষা করেন, এবং আমি আশা করি যে তিনি আপন অনুগ্রহে ও দয়াতে আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অনুরোধে ইহা করিবেন; অতএব আমি কহি, আমেন, অর্থাৎ এমত হউক.

প্র. খ্রীষ্ট আপন সভাতে কত সংস্কার নিরূপণ করিয়াছেন?

উ. ত্রাণের নিমিত্তে সামান্যতঃ আবশ্যক দুই মাত্র, অর্থাৎ বাপ্তিস্ম ও প্রভুর ভোজন.

প্র. সংস্কার এই শব্দেতে তুমি কি বুঝ?

উ. আমি ইহা বুঝি, আমাদের প্রতি দত্ত আন্তরিক ও পারমার্থিক প্রসাদের বাহ্য ও দৃশ্য চিহ্ন, স্বয়ং খ্রীষ্ট কর্তৃক নিরূপিত এক উপায়, যদ্দ্বারা আমরা উহা প্রাপ্ত হই, এবং এক লক্ষণ, যদ্দ্বারা আমরা তদ্বিষয়ে নিশ্চয় পাই.

প্র. সংস্কারের কত অংশ আছে?

উ. দুই; বাহ্য দৃশ্য চিহ্ন, ও আন্তরিক পারমার্থিক প্রসাদ.

প্র. বাপ্তিস্মে বাহ্য দৃশ্য চিহ্ন, কিম্বা আকার কি?

উ. জল; যাহাতে পিতা, ও পুত্র ও সদাত্মার নামে লোক বাপ্তিস্মিত হয়

প্র. আন্তরিক ও পারমার্থিক প্রসাদ কি?

উ. পাপের বিষয়ে মরণ ও পুণ্যের বিষয়ে নূতন জন্ম; কারণ স্বভাবতঃ আমরা পাপে জাত ও ক্রোধের সন্তান হইয়া, ইহাতে আমরা প্রসাদের সন্তান হই.

প্র. যাহারা বাপ্তিস্মিতব্য তাহাদের কি আবশ্যক?

উ. অনুতাপ, যদ্দ্বারা তাহারা পাপ ত্যাগ করে; ও বিশ্বাস, যদ্দ্বারা তাহারা ঐ সংস্কারে ঈশ্বরের প্রতিজ্ঞা সকল দৃঢ়রূপে প্রত্যয় করে.

প্র. তবে শিশুরা আপনাদের শৈশবাবস্থা প্রযুক্ত তাহা সকল পূর্ণ করিতে না পারিলেও কেন বাপ্তিস্মিত হয়?

উ. কেননা তাহারা আপনাদের প্রতিনিধি দ্বারা ঐ উভয় প্রতিজ্ঞা করে; যে, প্রতিজ্ঞা বয়স্ক হইলে তাহারা স্বয়ং সিদ্ধ করিতে বাধ্য আছে.

প্র. প্রভুর ভোজন সংস্কার কেন নিরূপিত হইয়াছিল?

উ. খ্রীষ্টের মৃত্যুর বলি ও তাহা হইতে আমাদের প্রাপ্য উপকারের নিত্য স্মৃতির নিমিত্তে.

প্র. প্রভুর ভোজনের বাহ্য অংশ কিম্বা চিহ্ন কি?

উ. রুটী ও দ্রাক্ষারস, যাহা লইতে প্রভু আজ্ঞা করিয়াছেন.

প্র. তাহার আন্তরিক অংশ কিম্বা লক্ষিত বস্তু কি?

উ. খ্রীষ্টের দেহ ও রক্ত, যাহা বিশ্বাসি লোক কর্তৃক প্রভুর ভোজনে সত্য ও যথার্থরূপে নীত ও গৃহীত হয়.

প্র. তাহাতে আমরা কিং উপকারের ভাগী হই?

উ. খ্রীষ্টের শরীর ও রক্তের দ্বারা আমাদের আত্মার সবল ও সতেজ হওন, যেমত রুটী ও দ্রাক্ষারস দ্বারা আমাদের শরীর.

প্র. পৃভুর ভোজনে যাহারা আইসে, তাহাদের কি করা আবশ্যক?

উ. এইং বিষয়ে তাহাদের নিজ পরীক্ষা করা, অর্থাৎ, নূতন ব্যবহার করিতে মনঃস্থ করত, আপনাদের পূর্ব্বকৃত পাপের নিমিত্তে সত্যরূপে অনুতাপ করে কি না; এবং খ্রীষ্টের মৃত্যুর কৃতজ্ঞ স্মরণের সহিত, তাঁহার দ্বারা ঈশ্বরের দয়াতে সজীব বিশ্বাস ধারণ করে কি না, এবং সকল মনুষ্যের সহিত পৃেমে থাকে কি না.

¶ রবিবারে ও পর্ব্বাহে প্রত্যেক পল্লীর রক্ষক সায়ঙ্কালীন প্রার্থনার দ্বিতীয় পাঠের পর, মনোযোগপূর্ব্বক, তৎপল্লী হইতে তাহার স্থানে প্রেরিত বালকগণের মধ্যে আপন বিবেচনানুসারে কতক জনকে, সভাতে প্রকাশ্যরূপে এই প্রশ্নোত্তরের কোন অংশে শিক্ষা দিবেন ও পরীক্ষা করিবেন.

¶ এবং প্রশ্নোত্তর শিখে নাই এমত সন্তান ও ভৃত্য এবং শিষ্যদিগকে, তাহাদের পিতা মাতা কর্ত্তা কর্ত্রীগণ, নিরূপিত সময়ে সভাতে আনাইবেন, এবং আজ্ঞাবহতাপূর্ব্বক রক্ষকের কথা শুনাইবেন, ও তৎকর্ত্তৃক উপদিষ্ট করাইবেন, যাবৎ তাহাদের শিক্ষার্থে এস্থলে নিরূপিত সমস্ত তাহারা না শিখে.

¶ শিশুগণ বয়ঃপ্রাপ্ত হইলে, এবং প্রতীতি বাক্য ও প্রভুর প্রার্থনা, ও দশাজ্ঞা স্বং ভাষাতে কহিতে সমর্থ হইলে, এবং এই সংক্ষেপ প্রশ্নোত্তরের অন্যান্য প্রশ্নের উত্তর দিতে পারিলে, বিশপের নিকটে আনীত হইবে. এবং প্রত্যেক ব্যক্তির নির্দ্ধারণের সাক্ষিস্বরূপ এক ধর্ম্মপিতা কিম্বা ধর্ম্মমাতা থাকিবে.

৭। এবং যখন বিশপ নির্দ্ধারণ নিমিত্তে শিশুদিগকে আপন নিকটে আনিতে সমাচার দিবেন, প্রত্যেক পল্লীর রক্ষক আপন২ পল্লীর মধ্যে যাহাদিগকে নির্দ্ধারণের নিমিত্তে বিশপের নিকট উপস্থাপিত হওনের যোগ্য বোধ করিবেন, তাহাদের নাম আপনি আনিবেন, কিম্বা আপন হস্তে স্বাক্ষরিত করিয়া পাঠাইবেন. এবং বিশপ যদি তাহাদিগকে গ্রাহ্য করেন, তবে তাহাদিগকে পশ্চাল্লিখিতানুসারে নির্দ্ধারণ করিবেন.
